৫।	মেরামত ও রক্ষণাবেক্ষণ	৩৯.৫০	থোক	৩৫.৪৩	থোক
৬।	যন্ত্রপাতি	৫১৭৪৮.৩৫	১ লট	৫৩৪৮৩.৮১	১ লট
৭।	ট্রান্সফরমার স্থাপন	১৭৩৫.৩৯	১ লট	১৭৩৫.৩৯	১ লট
৮।	সেন্ট্রাল কন্ট্রোল ইকুপমেন্ট	৮৬৫.৬৬	১ লট	৮৬৫.৬৬	১ লট
৯।	ব্যাটারী, সুইচ গিয়ার	১২১১.৯২	১ লট	১২১১.৯২	১ লট
১০।	মেশিনশপ	১৯৩৯.৩২	১ লট	১৯৩৯.৩২	১ লট
১১।	ফায়ার ফাইটনিং	৪৮৪.৭৭	১ লট	৪৮৪.৭৭	১ লট
১২।	স্প্যার পার্টস	১৩৯১৩.৮৫	১ লট	১৩৯১৩.৮৫	১ লট
১৩।	বৈদ্যুতিক ইন্টারকানেকশন	১৬৮৭.৪৬	১ লট	১৬৮৭.৪৬	১ লট
১৪।	অক্সিলারী পাওয়ার সাপ্লাই	৪৩৩.৩৬	১ লট	৪৩৩.৩৩	১ লট
১৫।	যানবাহন	২০৩.০৭	১২টি	২০৩.০৭	১২টি
১৬।	অফিস ইকুপমেন্ট	১৩.৯৪	২ সেট	১৩.৯৪	২ সেট
১৭।	পূর্ত কাজ (টার্গকী)	২১২১.৯৯	১ লট	১৯৩৮.৬৯	১ লট
১৮।	ইরেকশনিং এন্ড কমিশনিং	১৫৯৩.৮১	থোক	১৪৬৮.৮৩	থোক
১৯।	পরামর্শক সেবা (নন টার্গকী) স্থানীয়-১৯৬ জনমাস, আন্তর্জাতিক-৩৮.৩	১১৩০.৮২	--	১০২০.৭২	স্থানীয়-১৯৩ জনমাস

	জনমাস				আন্তর্জাতিক- ৩৮.২ জনমাস
২০।	ট্রেনিং এন্ড গ্যারান্টি ফর ইঞ্জিনিয়ারিং সার্ভিস (টার্গকী); আন্তর্জাতিক- ৩৬ জনমাস	৪৫৪.৯৫	--	৩৯৫.১৫	আন্তর্জাতিক- ৩৬ জনমাস
২১।	ভূমি উন্নয়ন	০.৫৫	১৫৬২.৫০ ঘন মি.	০.৫৫	১৫৬২.৫০ ঘন মি.
২২।	স্থানীয় পূর্ত কাজ (অনাবাসিক)	২১৬.২০	থোক	১৩০.৫৩	থোক
২৩।	স্থানীয় পূর্ত কাজ (আবাসিক)	৩১৫.২৮	১৬৪৮.৮০ বর্গফুট	৩১৫.২৮	১৬৪৮.৮০ বর্গফুট
২৪।	ডিসমেন্টিং অব পাওয়ার প্ল্যান্ট	২১৪.৯১	থোক	১৯৫.৯০	থোক
২৫।	ডিসমেন্টিং অব সাব স্টেশন	৫২.০০	থোক	৫১.২০	থোক
২৬।	প্রেসার রিডিউসিং এন্ড আর এমএস	০.০০	১লট	০.০০	১লট
২৭।	জ্বালানী (৩ মাস)	১৪৬২.২৬	থোক	১৪৬২.২৬	থোক
২৮।	বৈদ্যুতিক চার্জ	০.০০	থোক	০.০০	থোক
২৯।	কাষ্টম ডিউটি, ট্যাক্স এন্ড ভ্যাট	৮০০০.০০	থোক	৭৭৫৯.৭৩	থোক
৩০।	ইনকাম ট্যাক্স এন্ড ভ্যাট	৭৭৫০.০০	থোক	৭১৪৬.৫০	থোক
৩১।	এলসি চার্জ (ব্যাংক চার্জ)	৬৯০.০০	থোক	৬৬৪.৭৫	থোক
৩২।	ল্যান্ডিং চার্জ	৮৪২.৪৭	থোক	৭৭৯৫.০০	থোক
৩৩।	আইডিসি	১৩২৫০.০০	থোক	১৪১২৫.৫৪	থোক
৩৪।	ফিজিক্যাল কন্ট্রোল	২৭.০৪	থোক	২৭.০৪	থোক
৩৫।	প্রাইজ কন্ট্রোল	১১৯১৯.৭৮	থোক	১৯৮৪.৭৪	থোক
	সর্বমোট	১২৪৫৬৩.৩৫		১১৫৬৯৪.১৯	

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। প্রকল্পের পটভূমি ও অনুমোদন অবস্থাঃ

ঢাকা ও পাশ্চাত্য অঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মিটানোর লক্ষ্যে “সিদ্ধিরগঞ্জ ২X১২০ মে:ও: পিকিং পাওয়ার প্ল্যান্ট নির্মাণ” শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০০৪ হতে জুন, ২০০৬ পর্যন্ত মেয়াদে ৪১৮৪৫.১১ লক্ষ টাকা বৈদেশিক মুদ্রাসহ মোট ৬৮৫১৮.৯৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য ২৮ ফেব্রুয়ারী, ২০০৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরামর্শক নিয়োগে বিলম্ব, দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়নে বিলম্ব, প্রকল্পের কার্য পরিধি, দরপ্রস্তাবে প্রাপ্ত দর ডিপিপি ব্যয় অপেক্ষা বেশী এবং উল্লিখিত বিনিময় হার পরিবর্তন ইত্যাদি কারণে ১ম সংশোধিত প্রকল্পটি জুলাই, ২০০৪ হতে জুন, ২০০৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য ৭৯১৪৬.১৮ লক্ষ টাকা প্রকল্প সাহায্যসহ সর্বমোট ১১৩৩০৩.৪২ লক্ষ টাকা বিনিয়োগ ব্যয়ে একনেক কর্তৃক ১৭/০৫/২০০৭ তারিখে অনুমোদিত হয়। সিদ্ধিরগঞ্জে অবস্থিত পুরাতন পাওয়ার প্ল্যান্ট শাট ডাউন ও বিচ্ছিন্নকরণে জটিলতা এবং হাইকোর্টে মামলা, দরদাতা প্রতিষ্ঠানের বাস্তব সম্মত প্রকিউরমেন্ট প্ল্যান না থাকা ও প্রকল্পের যন্ত্রপাতি আমদানীতে বিলম্বের কারণে ০১/০৯/২০০৯ তারিখে অনুমোদিত অংগসমূহের পরিমাণ ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে প্রকল্পের বাস্তবায়নকাল ৬ মাস অর্থাৎ ডিসেম্বর, ২০০৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে ১৭/০২/২০১০ তারিখে অনুমোদিত অংগসমূহের পরিমাণ ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে বিদ্যুৎ বিভাগের প্রস্তাব অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল আরো ১২ মাস অর্থাৎ ডিসেম্বর, ২০১০ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

নব-নির্মিত সিদ্ধিরগঞ্জ ২X১২০ মে:ও: পিকিং পাওয়ার প্ল্যান্ট প্রকল্পের দুইটি ইউনিট পরীক্ষামূলকভাবে চালু করা হলেও গত ১৮/০৬/২০১০ প্রথম ইউনিটের জেনারেটরটি বিকল হয়ে যায়। জেনারেটরটি একটি নতুন সেট দ্বারা প্রতিস্থাপনের জন্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান তথ্য টার্গকী ঠিকাদার কর্তৃক Manufacturing, Transportation, erection, testing, commissioning ইত্যাদি সম্পন্ন করা হয়। এইসব কারণে প্রকল্পের যাবতীয় Payment প্রদানসহ প্রকল্পের PCR(Project Completion Report) প্রণয়ন করতে আগামী ৩০ জুন, ২০১২ পর্যন্ত সময় প্রয়োজন হওয়ায় প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ পুনরায় সংশোধনের প্রস্তাব করা হয়। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি গত ১১/০৩/২০১২ তারিখে ১২৪৫৬৩.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৪ হতে জুন, ২০১২ মেয়াদকালে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে প্রকল্পের মেয়াদকাল জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮। প্রকল্পের অর্থায়নঃ

(ক) জিওবিঃ

(লক্ষ টাকায়)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
৪৭৫৬৩.৩৫	ঋণঃ ১৯০২৫.৩৪ (৪০%) ইকুইটিঃ ২৮৫৩৮.০১ (৬০%)	--	১১২৯৪.৪৪

(খ) প্রকল্প সাহায্যঃ

উৎস	মুদ্রার প্রকৃতি	ঋণের পরিমাণ	স্থানীয় মুদ্রায় ঋণের পরিমাণ	প্রকৃত ব্যয়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)	ইউএস ডলার	১১০.০০ মিলিয়ন	৭৭০০০.০০ লক্ষ টাকা	১০৯.২৯ মিলিয়ন ইউএস ডলার

৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেনঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	মেয়াদকাল	
		শুরু	শেষ
১	রহমত উল্লাহ আহমেদ, ডিজিএম	২৪/০৪/২০০৬	১৬/০১/২০১৩ (অবসর গ্রহণ)
২	মোঃ আতিয়ার রহমান, ডিজিএম	১৬/০১/২০১৩	৩০/০৬/২০১৩

১০। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক (বিদ্যুৎ সাব-সেক্টর) জনাব মোঃ তাওসীফ রহমান প্রকল্প এলাকা সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ-এ গত ১৭/০৯/২০১৪ তারিখে সরেজমিনে পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন। এ সময় প্রকল্প পরিচালকসহ প্রকল্পের অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

১১। পর্যবেক্ষণঃ

১১.১। সিদ্ধিরগঞ্জ ২ x ১২০ মেগাওয়াট পিকিং পাওয়ার প্ল্যান্ট-এর বর্তমান মোট উৎপাদন ক্ষমতা ২১৭.৩২ মেঃওঃ। প্রকল্প এলাকার মোট জমির পরিমাণ ৪.১৮ একর। এই বিদ্যুৎ কেন্দ্রে ২ টি ইউনিট রয়েছে যার প্রত্যেকটির রেটেড (Rated) উৎপাদন ক্ষমতা ১০৮.৬৬ মেঃ ওঃ। প্রকল্পে Bharat Heavy Electricals Ltd (BHEL) টার্নকী কন্ট্রোল হিসেবে নিয়োজিত ছিল। গত ৩১/০১/২০০৭ তারিখে টার্নকী চুক্তি স্বাক্ষরিত হয় এবং ১৬/০৬/২০০৭ তারিখ হতে চুক্তি কার্যকর হয়।

১১.২। ২০/১১/২০০৯ তারিখে ইউনিট#১ এবং ২৬/০৫/২০১০ তারিখে ইউনিট#২ এর উৎপাদন শুরু করতে এবং জাতীয় গ্রীডে বিদ্যুৎ দিতে সক্ষম হয়। ১৪/০২/২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বিদ্যুৎ কেন্দ্রটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। এযাবত ইউনিট#১ সর্বোচ্চ ১২৪ মেঃ ওঃ এবং ইউনিট #২ এর সর্বোচ্চ ১২২ মেঃ ওঃ ক্ষমতায় বিদ্যুৎ উৎপাদন করেছে।

১১.৩। ১৮/০৮/২০১৩ হতে ২৬/০৯/২০১৩ তারিখে ইউনিট#১ এবং ১৬/০৬/২০১২ হতে ০১/০৭/২০১২ তারিখে ইউনিট#২ এর গ্যাস টারবাইন অংশের combustion inspection করা হয়েছে। ২৩/০৯/২০১৪ তারিখ পর্যন্ত ১নং ইউনিট ১৩১৬৩.৭৮ ঘন্টা চলেছে এবং ৯৫১৩৩০ মেগাওয়াট-আওয়ার বিদ্যুৎ উৎপাদন করেছে। ২৩/০৯/২০১৪ তারিখ পর্যন্ত ২নং ইউনিট ১৭৫২১.৬৬ ঘন্টা চলেছে এবং ১২৮৪২৩০ মেগাওয়াট-আওয়ার বিদ্যুৎ উৎপাদন করেছে।

১১.৪। ইউনিট দুইটি গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে বেশির ভাগ সময় বন্ধ থাকে। যদি চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা যায়, তবে ইউনিট দুইটি পূর্ণ ক্ষমতায় উৎপাদন করতে পারবে। জানুয়ারী, ২০১৪ হতে জুন, ২০১৪ পর্যন্ত বিদ্যুৎ কেন্দ্রটির গড় মাসিক উৎপাদন লক্ষ্যমাত্রা ছিল ১৫১২০০ মেগাওয়াট-আওয়ার। গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে গড়ে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রার মাত্র ১৪.৩৭% উৎপাদন করা সম্ভব হয়েছে।

১১.৫। বিদ্যুৎ কেন্দ্রে অনুমোদিত জনবল ছিল মোট ১২৪ জন (টেকনিক্যাল ৭৪ জন এবং নন-টেকনিক্যাল ৫০ জন)। বর্তমানে মোট ৭৮ জন (টেকনিক্যাল ৫৩ জন এবং নন-টেকনিক্যাল ২৫ জন) কর্মরত আছেন।

১১.৬। যন্ত্রপাতি খাতে আরডিপিপি-তে ৫১৭৪৮.৩৫ লক্ষ টাকা অনুমোদিত থাকলেও বাস্তবে ৫৩৪৮৩.৮১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তবে পিসিআর-এ প্রদত্ত তথ্যমতে প্রকল্প সাহায্য অংশের ইউএস ডলার allocation অনুযায়ী খরচ হলেও exchange rate fluctuation এর কারণে স্থানীয় মুদ্রায় ব্যয় বেশি হয়েছে।

প্রকল্প বাস্তবায়ন করার সময় প্রকল্প এলাকার স্থিরচিত্রঃ



চিত্র-১। নির্মাণকালীন সময়ে প্রকল্প এলাকার চিত্র (সংগৃহীত)



চিত্র-২। নির্মাণকালীন সময়ে প্রকল্প এলাকার চিত্র (সংগৃহীত)

প্রকল্প বাস্তবায়নের পর বিদ্যুৎ কেন্দ্রের বর্তমান অবস্থার স্থিরচিত্রঃ



চিত্র-৩। জেনারেটর অংশ



চিত্র-৪। ট্রান্সফর্মার অংশ



চিত্র-৫। সুইচগিয়ার



চিত্র-৬। কন্ট্রোল রুম

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) দেশের পূর্বাঞ্চলের বিশেষত ঢাকা শহরের নিকটবর্তী এলাকায় পিক ডিমান্ডের সময় বিদ্যুতের চাহিদা মেটানোতে সহায়তা করা।	১) দেশের পূর্বাঞ্চলের পিক ডিমান্ডের সময় বিদ্যুতের চাহিদা মেটানোতে বিদ্যুৎ কেন্দ্রটি সহায়ক ভূমিকা রাখছে।
২) ভিশন-২০২১ অর্জনের লক্ষ্যে দেশের সবার জন্য বিদ্যুৎ নিশ্চিতকরণে সহায়তা করা।	২) ভিশন-২০২১ অর্জনের লক্ষ্যে বিদ্যুৎ কেন্দ্রটি আরেকটি মাইল ফলক।

৩) দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য পর্যাপ্ত পরিমাণ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা।	৩) দেশের অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য বিদ্যুৎ কেন্দ্রটি সহায়ক ভূমিকা রাখছে।
৪) দেশের প্রাকৃতিক গ্যাস সম্পদ কাজে লাগিয়ে ন্যাশনাল গ্রীডে ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ যোগ করা।	৪) ২ x ১২০ মেগাওয়াট পিকিং পাওয়ার প্ল্যান্ট-এর মোট উৎপাদন ক্ষমতা ২১৭.৩২ মেঃওঃ। তবে গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে পূর্ণ মাত্রায় উৎপাদন করা সম্ভব হয়না।
৫) ন্যাশনাল গ্রীডে ২৪০ মেগাওয়াট বিদ্যুৎ যোগ করার মাধ্যমে বর্তমান বিদ্যুৎ ঘাটতি মেটানো।	৫) গ্যাস সরবরাহের স্বল্পতার কারণে পূর্ণ মাত্রায় উৎপাদন করা সম্ভব না হলেও যা উৎপাদিত হয় তা ন্যাশনাল গ্রীডে যোগ করা হয়।
৬) ন্যাশনাল গ্রীডের স্ট্যাবিলিটি ও রিলায়েবিলিটি বৃদ্ধি করা।	৬) ন্যাশনাল গ্রীডের স্ট্যাবিলিটি ও রিলায়েবিলিটি বৃদ্ধিতে বিদ্যুৎ কেন্দ্রটি সহায়ক ভূমিকা রাখছে।
৭) স্থানীয় উৎপাদনের মাধ্যমে ট্রান্সমিশন লস কমানো এবং লো ভোল্টেজ সমস্যা মেটানো	৭) স্থানীয় উৎপাদনের মাধ্যমে ট্রান্সমিশন লস কমানো এবং লো ভোল্টেজ সমস্যা মেটানোতে বিদ্যুৎ কেন্দ্রটি সহায়ক ভূমিকা রাখছে।
৮) টেকনোলজি ট্রান্সফারের মাধ্যমে জনবলের দক্ষতা (Human Resources Development) বৃদ্ধি করা।	৮) টার্নকী চুক্তির আওতায় আন্তর্জাতিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরি করা সম্ভব হয়েছে।

১৩। বাস্তবায়ন সমস্যাঃ

১৩.১। প্রকল্প এলাকায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)-এর একটি পুরাতন ৫০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে সংযুক্ত ছিল। পুরাতন বিদ্যুৎ কেন্দ্রটি জাতীয় গ্রীড থেকে বিচ্ছিন্ন করা এবং সকল Utility Service সরিয়ে প্ল্যান্টটি Shut Down করতে যথেষ্ট সময় লেগেছে। এর ফলে site handover দিতে বিলম্ব হয়েছে। এছাড়া প্রকল্প এলাকায় অবস্থিত পুরাতন বিদ্যুৎ কেন্দ্রের Drawing/Design না পাওয়াতে Demolition work চলাকালীন সময়ে কতিপয় unforeseen substructure ভেঙে ফেলতে গিয়ে যথেষ্ট সময় লেগেছে। এতদ্ব্যতীত মহামান্য হাইকোর্টের একটি রিট পিটিশন থাকার কারণে কাজ শুরু করার পূর্বে পুরাতন বিদ্যুৎ কেন্দ্র Dismantle করতে অতিরিক্ত সময় লেগেছে।

১৩.২। সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্টের ডাইং/ডিজাইন প্রস্তুত করতে এবং পূর্ত কাজ শুরু করতে প্রায় ছয় মাস সময় লেগেছে। জেনারেটর, ট্রান্সফর্মার ও অন্যান্য মেশিন ফ্যাক্টরী টেস্টে উত্তীর্ণ হয়ে শিপমেন্ট করতে প্রায় এক বছর সময় লেগেছে। প্রকল্পের বিভিন্ন vendor এর মধ্যে সমন্বয়ের অভাব ছিল। দেশী/বিদেশী ঠিকাদারের যথেষ্ট পরিমাণ জনবল নিয়োজিত ছিল না। হায়দ্রাবাদ থেকে চেন্নাই পোর্টে একটি গ্যাস টার্বাইন বহন করা সময় ফ্লিড করার ফলে আরো ছয় মাস বিলম্ব হয়।

১৩.৩। Bharat Heavy Electricals Ltd (BHEL) কে প্রকল্প বাস্তবায়নে বিলম্বের বিষয়টি বার বার পত্রের মাধ্যমে অবহিত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণে BHEL-এর price adjustment এর সাথে Liquidity Damage এর সমন্বয় করে ৩২.৬৫ কোটি টাকা কর্তন করা হয়। price adjustment এর বিষয়টি মীমাংসা করতে প্রায় ১ বছর সময় লেগেছে।

১৪। সুপারিশঃ

১৪.১। পিক ডিম্যান্ডের সময় প্রয়োজনীয় বিদ্যুৎ উৎপাদন নিশ্চিত করার জন্য বিদ্যুৎ কেন্দ্রটিতে চাহিদা মোতাবেক প্রাকৃতিক গ্যাস সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে।

১৪.২। ভবিষ্যতে ক্রয় চুক্তি স্বাক্ষরের ক্ষেত্রে Tender Document তৈরী করার সময় অন্যান্য বিষয়সহ বিবাদ মীমাংসার বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যাতে বিবাদ মীমাংসার বিষয়টি যথাসময়ে নিষ্পত্তি হয়। অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলি চুক্তি স্বাক্ষরের সময় অন্তর্ভুক্ত করতে হবে।

১৪.৩। প্রকল্প ডিজাইন ও প্ল্যানিং এর সময় অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে যাতে করে Time Over Run ও Cost Over Run এড়িয়ে যাওয়া যায়।

১৪.৪। ভবিষ্যতে চুক্তি বাস্তবায়নে যথোপযুক্ত কর্মকর্তাকে দায়িত্ব দিতে হবে যাতে চুক্তির শর্ত পালন করে ঠিকাদার যথাসময়ে কর্মসম্পাদন করে।

১৪.৫। প্ল্যান্টের ওভারহোলিং ও রক্ষণাবেক্ষণ যাতে যথাসময়ে করা হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে।

১৪.৬। বিদ্যুৎ কেন্দ্রের প্ল্যান্টে অনুমোদিত জনবলের সংস্থান নিশ্চিত করতে হবে।

১৪.৭। আগামী ৩ মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ(১৪.১ হতে ১৪.৬) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আই এম ই ডি'কে অবহিত করতে হবে।

“বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সঞ্চালন লাইন”

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৩)

১। প্রকল্পের অবস্থান :

বিভাগ	জেলা	উপজেলা
চট্টগ্রাম	কুমিল্লা	বুড়িচং ও ব্রাহ্মনপাড়া
	ব্রাহ্মনবাড়িয়া	ব্রাহ্মনবাড়িয়া সদর, বিজয়নগর, আখাউড়া ও কসবা
সিলেট	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর, নবিগঞ্জ বাহুবল ও মাধবপুর

২। বাস্তবায়নকারী সংস্থা : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)।

৩। উদ্যোগী মন্ত্রনালয়/বিভাগ : বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্র:সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র:সা:)	সর্বশেষ সংশোধিত (প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৭৮৩৩.৯৪	--	৩৬৯৫০.৪৪	অক্টোবর ২০১০ হতে ডিসেম্বর, ২০১২	অক্টোবর ২০১০ হতে জুন, ২০১৩	অক্টোবর ২০১০ হতে এপ্রিল, ২০১৩	(-) ৮৮৩.৫০ (২.৩৩%)	৪ মাস ১৪.৮%

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৭৮৩৩.৯৪ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২৪২৫৯.৭৫ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব ১৩৫৭৪.১৯ লক্ষ টাকা। জিওবি অংশের ২৪২৫৯.৭৫ লক্ষ টাকার মধ্যে ২২৯৯৫.১৬ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব ১৩৫৭৪.১৯ লক্ষ টাকার মধ্যে ১৩৯৫৫.২৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। মূল অনুমোদিত প্রকল্প ব্যয় হতে প্রকৃত ব্যয় ৮৮৩.৫০ লক্ষ টাকা হ্রাস পেয়েছে।

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		Financial	Physical Quantity	Financial	Physical Quantity (%)
১	২	৩	৪	৫	৬
১	Pay of officers	১০৮.৫২	১৪ জন	১৩১.৪৭৪	১০০%
২	Pay of Establishment	১২.২৪	৫ জন	১১.১১৫	১০০%
৩	Allowances	১১৮.২৪	১৯ জন	১৫৭.২৯৩	১০০.০০%
৪	Insurance				
৪.১	A) Transmission Line (230kV Line Construction)	৪১.৬৩	LS	২৬.৩৮১	১০০.০০%
৪.২	B) Bay Extension (230kV bay extension)	৯.২৯	LS	--	১০০.০০%

৫	Transportation	৪৭৬.০১	LS	১৯৪.৬৬৩	১০০.০০%
৬	Compensation	৪০০.০০	১৫৩.৬৩ কিমি	৩৪৪.৬৬১	১০০.০০%
৭	Testing Fee	৮.২৫	১৫৩.৬৩ কিমি	৩১.২১৪	১০০.০০%
৮	Survey	১৫.৬৮	১৫৩.৬৩ কিমি	৭৯.৬৪৮	১০০.০০%
৯	Hiring Charge	২০.০০	LS	০.৩৩২	১০০.০০%
৯.১	Miscellaneous (EIA Study, TA, DA, OT Petrol, Stationary, Telephone etc.)	৪৫.০০	LS	৮৩.৪৭৪	১০০.০০%
১০	Transport vehicle	৮৩.০০	৯টি	৯৮.৮১৪	৫৫.৫৬%
১১	Tools, Plants & spares				
১১.১	A)Transmission Line (230kV Line Construction)	১৪২৭.৩৫	১৬৫ কিমি	১২৭৬.১৬৪	৯৩.০০%
১১.২	B) Bay Extension (230kV bay extension)	২৭.৪৮	২টি	২৫.২৩০	১০০.০০%
১২	Office equipment	৬.৬০	LS	২.১০৭	১০০.০০%
১৩	Office furniture	৪.৭১	LS	২.৪৬৮	১০০.০০%
১৪	Electrical Equipment				
১৪.১	A)Transmission Line (230kV Line Construction)	১৬৯৯৩.২৫	১৬৫ কিমি	১৬৬৯৩.৪০৯	১০০.০০%
১৪.২	B) Bay Extension (230kV bay extension)	৬২৬.৪০	২ টি	৬৪৭.১০১	১০০.০০%
১৫	Acquisition/Purchase of Land				
১৫.১	Land Acquisition	৬২৫.০০	৫ একর	৫৫৫.৩২৪	১০০.০০%
১৬	Construction of Works				
১৬.১	Land Development	১১.৭০	৪০৪৬.৮৬ ঘন মিঃ	১২.০৬১	১০০.০০%
১৬.২	Other Buildings & infrastructure	৫৪.৭১	LS	-	১০০.০০%
১৭	Installation				
১৭.১	A) Transmission Line (230kV Line Construction)	৯৩৯৫.১০	১৬৫ কিমি	১০১৯১.০৯২	*১০০.০০%
১৭.২	B) Bay Extension (230kV bay extension)	১৬৭.৩৪	২টি	২০৬.৭৭৪	১০০.০০%
১৮	CD VAT				
১৮.১	A) Transmission Line (230kV Line Construction)	৫১৪৪.৭৮	LS	৫০২৫.৫৮৬	১০০.০০%
১৮.২	B) Bay Extension (230kV bay extension)	১৩৯.৩২	LS	১৬৬.১১	১০০.০০%
২০	Capital Block Allocation and Miscellaneous				
২০.১	Interest During Construction	৮৫০.৫৯	LS	৯৮৭.৯৪৩	১০০.০০%
২০.২	Contingency	১০২১.৭৫	LS	--	১০০.০০%
		৩৭৮৩৩.৯৫		৩৬৯৫০.৪৩৮	

*প্রকল্পের আওতায় ডিপিপিতে ১৬৫ কি.মি: ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের সংস্থান ছিল। তবে বাস্তবে ১৫৩.৬৩ কি.মি: লাইন নির্মাণ করে উদ্দেশ্য অর্জন করা সম্ভব হয়েছে।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। প্রকল্পের পটভূমি :

৭.১। সারা দেশে বিদ্যুৎ এর চাহিদা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। বিদ্যুতের এ চাহিদা মেটানোর জন্য নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে। বিদ্যুৎ উৎপাদনের সংগে সামঞ্জস্য রেখে সঞ্চালন অবকাঠামো তৈরি না হলে ভবিষ্যতে স্থাপিতব্য বিদ্যুৎ কেন্দ্রগুলো হতে বিদ্যুৎ সঞ্চালন করা সম্ভব হবে না। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) কর্তৃক গৃহীত বৃহত্তর সিলেটে ১৫০ মে:ও: বিদ্যুৎ কেন্দ্রটি ২০১১ সাল নাগাদ চালু হওয়ার জন্য নির্ধারিত ছিল। ডিপিপিতে সিলেটকে বিদ্যুতের উদ্ধৃত অঞ্চল বলা হচ্ছে এবং ভবিষ্যতে বিভিন্ন নতুন প্ল্যান্ট স্থাপিত হলে উদ্ধৃতের পরিমাণ আরও বৃদ্ধি পাবে। বিদ্যমান জাতীয় গ্রীডের মাধ্যমে এ বিদ্যুৎ সঞ্চালন করা সম্ভব হবে না। উল্লেখ্য, সম্প্রতি বিউবো ভাড়াভিত্তিক এবং সরকারীভাবে জরুরীভিত্তিতে দেশের বিভিন্ন স্থানে ১৩৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করতে যাচ্ছে। এসকল বিদ্যুৎ কেন্দ্রসমূহ বিবেচনায় নিয়ে Load Flow Study করে দেখা যায় যে, সিলেট অঞ্চলের উৎপাদিত বিদ্যুতের উদ্ধৃত অংশ সিলেট অঞ্চল হতে সঞ্চালনের জন্য আশুগঞ্জ-কুমিল্লা ২৩০ কেভি লাইনটি সম্পূর্ণ লোডেড। ডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, বিদ্যুৎ বিভাগ এবং বিউবো উভয়ই পিজিসিবি'কে একই সাথে আশুগঞ্জ-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সঞ্চালন লাইনের লোড কমানোর এবং সিলেটে স্থাপিতব্য ১৫০ মে:ও: কেন্দ্রে উৎপাদিত বিদ্যুৎ নিরবচ্ছিন্নভাবে সঞ্চালনের ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করে। সম্প্রতি সিলেটে উৎপাদিত বিদ্যুৎ সরাসরি ঢাকা অভিমুখে সঞ্চালনের জন্য পিজিসিবি “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্জুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন” শীর্ষক প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করেছে। বিবিয়ানা হতে বিদ্যুৎ সঞ্চালনের জন্য দু'টি বিকল্প পথ অর্থাৎ বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি ও বিবিয়ানা-ঘোড়াশাল ২৩০ কেভি লাইন পিজিসিবি কর্তৃক বিবেচিত হয়। পিজিসিবি'র একটি In-house Study'র মাধ্যমে আশুগঞ্জ-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সঞ্চালন লাইনের লোড কমানোর জন্য উল্লিখিত দু'টি বিকল্পের মধ্যে বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি লাইন নির্মাণ যথাযোগ্য বলে বিবেচিত হয়। এ প্রেক্ষিতে বিবিয়ানা-কুমিল্লা (উত্তর) ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প হাতে নেয়া হয়েছে।

৮। প্রকল্পের উদ্দেশ্য :

(ক) সিলেট ও ফেঞ্জুগঞ্জ এলাকায় নতুন স্থাপিত ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত উদ্ধৃত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা;

(খ) সিলেট হতে উৎপাদিত উদ্ধৃত বিদ্যুৎ কুমিল্লা ও চট্টগ্রাম অঞ্চলে সরবরাহ করা;

(গ) সিলেট ও এর আশেপাশের এলাকায় বিদ্যুৎ সঞ্চালন লাইনের ওপর বিদ্যমান অতিরিক্ত চাপ হ্রাস করা;

(ঘ) বিদ্যমান আশুগঞ্জ-কুমিল্লা ২৩০ কেভি সঞ্চালন লাইনের উপর ওভারলোডিং এর চাপ কমানো এবং

(ঙ) সঞ্চালন সিস্টেম লস হ্রাস করা।

৯। প্রকল্প অনুমোদন :

আলোচ্য প্রকল্পটি ০৯/১১/২০১০ তারিখে ৩৭৮৩৩.৯৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং অক্টোবর ২০১০ হতে ডিসেম্বর, ২০১২ বাস্তবায়ন মেয়াদে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৩ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

১০। প্রকল্পের অর্থায়ন :

(ক) জিওবিঃ

(লক্ষ টাকায়)

মোট (১)	ঋণ (২)	অনুদান (৩)	Cash Foreign Exchange (৪)
২৪২৫৯.৭৫	ঋণঃ ৯৭০৩.৯০ ইকুইটিঃ ১৪৫৫৫.৮৫	--	২০১১৪.৯৭

(খ) পিজিসিবিঃ

(লক্ষ টাকায়)

মোট (১)	ঋণ (২)	অনুদান (৩)	Cash Foreign Exchange (৪)
১৩৫৭৪.১৯	--	--	৬৪৪.৪৯

(গ) প্রকল্প সাহায্যঃ প্রযোজ্য নয়

১১। পরিদর্শন :

আইএমই বিভাগের পরিচালক (শক্তি) জনাব মোঃ নিয়াজুল হক গত ২২/১১/২০১৪ তারিখে প্রকল্প এলাকার কুমিল্লা অংশ সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় প্রকল্প পরিচালকসহ প্রকল্পের অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) সিলেট ও ফেঞ্জুগঞ্জ এলাকায় নতুন স্থাপিত ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।	(ক) সিলেট ও ফেঞ্জুগঞ্জ এলাকায় নতুন স্থাপিত ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত প্রায় ২০০ মেগা ওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে।
(খ) সিলেটে হতে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ কুমিল্লা ও চট্টগ্রাম অঞ্চলে সরবরাহ করা।	(খ) কুমিল্লা ও চট্টগ্রাম অঞ্চলে সিলেটে হতে উৎপাদিত সর্বোচ্চ ৩০৬ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। উল্লেখ্য যে, লাইনের ইভাকুয়েশন ক্ষমতা ৭০০ মেগাওয়াট।
(গ) সিলেট ও এর আশেপাশের এলাকায় বিদ্যুৎ সঞ্চালন লাইনের ওপর বিদ্যমান অতিরিক্ত চাপ হ্রাস করা।	(গ) প্রকল্প বাস্তবায়নের পর আশুগঞ্জ- সিলেট ১৩২কেভি লাইন হতে প্রায় ১০৬ মেগাওয়াট সঞ্চালনের চাপ কমে গেছে।
(ঘ) বিদ্যমান আশুগঞ্জ-কুমিল্লা ২৩০ কেভি সঞ্চালন লাইনের উপর ওভারলোডিং এর চাপ কমানো।	(ঘ) প্রকল্প বাস্তবায়নের পর বিদ্যমান আশুগঞ্জ-কুমিল্লা ২৩০ কেভি সঞ্চালন লাইনের কোন ওভারলোডিং নেই।
(ঙ) সঞ্চালন লস হ্রাস করা।	(ঙ) সঞ্চালন লাইনে ওভারলোডিং হলে লস বৃদ্ধি পায়। প্রকল্প বাস্তবায়নের পর ২৩০ কেভি লাইনগুলি রেটেড ক্ষমতার মধ্যেই বিদ্যুৎ সঞ্চালন করছে। ফলে লাইন লস হ্রাস পেয়েছে।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

জনাব মোঃ ওহিদুজ্জামান আলোচ্য প্রকল্পে ০৫/০১/২০১১ খ্রীঃ হতে প্রকল্পের শেষ পর্যন্ত প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১৪। পর্যবেক্ষণ :

১৪.১। প্রকল্পের আওতায় ডিপিপিতে ১৬৫ কি:মি: ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের সংস্থান ছিল। তবে বাস্তবে ১৫৩.৬৩ কি:মি: লাইন নির্মাণ করে উদ্দেশ্য অর্জন করা সম্ভব হয়েছে।

১৪.২। প্রকল্পের আওতায় ১টি জীপ, ১টি ডাবল কেবিল পিক-আপ, ৩টি মটর সাইকেল ক্রয় করা হয়েছে। যানবাহনগুলি পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে কেনা হয়েছে। বর্তমান সেগুলি ১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রকল্পে ব্যবহার করা হচ্ছে।

১৪.৩। প্রকল্পের আওতায় ২০১১-১২ অর্থ বছরে External Audit করা হয়েছে। অডিট রিপোর্টে একটি আপত্তি ছিল- তিকাদারের Payment হতে VAT কর্তন করা হয়েছে যা নির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা দেয়া হয়নি। এই অডিট আপত্তির reply দেয়া হয়েছে এবং সেটা নিষ্পত্তির অপেক্ষায় আছে।

১৫। বছরওয়ারী এডিপি বরাদ্দ ও ব্যয়ঃ

অর্থ বছর	এডিপি/ আরএডিপি বরাদ্দ	বরাদ্দের বিপরীতে ব্যয়
২০১০-১১	১৯০০.০০	১৮৭২.১১
২০১১-১২	১০৫০০.০০	১০৫০০.০০
২০১২-১৩	১১০০০.০০	১০৬২৩.০৫
	২৩৪০০.০০	২২৯৯৫.১৬

নোটঃ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৩৭৮৩৩.৯৪ লক্ষ টাকা, যার মধ্যে জিওবি ২৪২৫৯.৭৫ লক্ষ টাকা এবং সংস্থার নিজস্ব ১৩৫৭৪.১৯ লক্ষ টাকা। উল্লিখিত ছকে বহরওয়ারী জিওবি বরাদ্দ ও ব্যয় দেখানো হয়েছে।

১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

IFB no/ Package no/Sub package no	Description of procurement (goods/works/ consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
		As per DPP (in lakh Taka)	Contracted value	Invitation date	Contract signing/ L.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7	8
Lot-1	52.49 km of 230kV double circuit three phase transmission line from tower no T-264 to T-398 at Bibiyana end	29317.87 lakh Taka	US\$- 9,378,980.24BDT- 309,460,873.00	21/04/2010	06/02/2011 & 06/04/2011	05/02/2012	24/10/2012
Lot-2	48.49 km of 230kV double circuit three phase transmission line from tower no T-137 to T-264		US\$-7,122,496.00 BDT-430,229,324.00	21/04/2010	10/02/2011 & 17/04/2011	09/02/2012	15/05/2012
Lot-3	52.65 km of 230kV double circuit three phase transmission line from 230 kV substation at Comilla(North) end to Tower no-137		US\$-7,368,000.00 BDT-413,380,230.00	21/04/2010	20/02/2011 & 12/04/2011	19/02/2012	24/10/2012 (Ckt-1) 20/04/2013 (Ckt-2)
Package - 2	230kV bay extension at existing Comilla (North) 230/132 KV Substation including non residential civil works	900.7 lakh Taka	US\$-863,303.39 BDT-21928872.00	08/04/2010	28/12/2010 & 24/02/2011	27/03/2012	01/10/2012

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের স্থিরচিত্রঃ



চিত্র-১- নতুন সাবস্টেশন নির্মাণের জন্য অধিগ্রহণকৃত ভূমি



চিত্র-২- গ্রীডলাইনে তার স্থাপন ক্রমে বিদ্যুৎ সঞ্চালন



চিত্র-৩- সাবস্টেশনে গ্রীডলাইন সংযোগ স্থাপন



চিত্র-৪- গ্রীডলাইন ও সাবস্টেশনের সংযোগ

১৭। বাস্তবায়ন সমস্যা :

- ১৭.১। টার্নকী ঠিকাদার কর্তৃক ইরান হতে লট-৩ এর মালামাল শিপমেন্ট করতে নির্ধারিত সময়ের চেয়ে অনেক বেশি সময় লেগেছে। জাতিসংঘ (UN) এর নানা ধরনের বিধি নিষেধ থাকার কারণে ইরান হতে সরাসরি চট্টগ্রাম বন্দরে মালামাল শিপমেন্ট করা সম্ভব হয়নি।
- ১৭.২। লাইন ও টাওয়ার নির্মাণে “রাইট অব ওয়ে” ঠিক রাখতে গিয়ে স্থানীয় বাধা ও অন্যান্য কারণে অনেক সমস্যা হয়েছে। জেলা প্রশাসক, থানা পুলিশ কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানসহ স্থানীয় নেতৃবৃন্দের সহায়তায় প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ জটিলতা নিরসন করতে সবসময় সচেষ্ট ছিলেন।
- ১৭.৩। হবিগঞ্জ সদরের টাওয়ার নং ২০/১ নির্মাণ করার সময় জমি অধিগ্রহণ করতে গিয়ে জমির মালিক মামলাদায়ের করে। হবিগঞ্জ সদরের সিনিয়র সহকারী বিচারকের আদালতের “কারণ দর্শাও” নোটিশের কারণে কাজ স্থগিত রাখা হয়। পরবর্তীতে ১ম শুনানির পর কাজ আবার শুরু হয়। এতে প্রায় ২ মাস বিলম্ব হয়েছে।
- ১৭.৪। ২০১১ ও ২০১২ সালে বিভিন্ন কারণে মালামাল পরিবহনে ব্যাঘাত ঘটায় ঠিকাদারের কাজ করতে যথেষ্ট সমস্যা হয়েছে।
- ১৭.৫। প্রায়শঃ সাইট হতে মালামাল চুরির ঘটনায় ঠিকাদার কর্তৃক কাজ সম্পাদনে ব্যাঘাত ঘটেছে।
- ১৭.৬। বর্ষা মৌসুমে বিশেষতঃ ২০১১ ও ২০১২ সালের মে-অক্টোবর মাসে টাওয়ার নির্মাণের অধিগ্রহণকৃত জমি ডুবে যাবার কারণে নির্মাণ কাজে বিলম্ব হয়েছে।

১৮। সুপারিশ :

- ১৮.১। টাওয়ার নির্মাণের জন্য ব্যক্তি মালিকানাধীন ভূমি ব্যবহার করা হয়। এজন্য জমির মালিকদের ক্ষতিপূরণ দেয়া কিংবা অন্য কোন উপশমমূলক ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা তা মন্ত্রণালয়/সংস্থা পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে পারে (অনু:- ১৭.২)।
- ১৮.২। সাইট এলাকায় মালামাল চুরিরোধে একটি অস্থায়ী ওয়ার হাউস নির্মাণ করে সেখানে মূল্যবান যন্ত্রাংশ রাখা যেতে পারে।
- ১৮.৩। জাতি সংঘের নিষেধাজ্ঞার আওতায় দেশসমূহ হতে ঠিকাদার নিয়োগের ব্যাপারে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে (অনু: ১৭.১)।
- ১৮.৪। বন্যপ্রাণ এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে কাজ শুরু করতে হবে যাতে বর্ষা মৌসুমে শুরুর পূর্বেই কাজ সম্পন্ন করা যায় (অনু: ১৭.৬)।
- ১৮.৫। এই সঞ্চালন লাইন নির্মাণের ফলে সিলেট অঞ্চলে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ দেশের অন্যান্য এলাকায় সরবরাহ করা সম্ভব হয়েছে। এই ধরনের উদ্যোগ নিশ্চিতভাবে দেশের অর্থনীতিতে একটি ইতিবাচক প্রভাব ফেলেছে। ভবিষ্যতে বিদ্যুৎ উৎপাদনের সংগে সংগতি রেখে একটি ভারসাম্যপূর্ণ জাতীয় গ্রীড নির্মাণে পিজিসিবি উদ্যোগ গ্রহণ করতে পারে।
- ১৮.৬। প্রকল্পটির সত্বর External Audit সম্পন্ন করতে হবে।
- ১৮.৭। (১৮.১ - ১৮.৬) অনুচ্ছেদে বর্ণিত সুপারিশসমূহের আলোকে গৃহীত ব্যবস্থাবলী সম্পর্কে IMED কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

“Solar Powered Irrigation Pump and Solar Home System” প্রকল্পের

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তি : জুন, ২০১৩)

- ১। প্রকল্পের নাম : Solar Powered Irrigation Pump and Solar Home System.
- ২। প্রকল্পের অবস্থান : ০৭ টি পল্লী বিদ্যুৎ সমিতি এলাকা (কুমিল্লা পিবিএস-১, মানিকগঞ্জ পিবিএস, মৌলভীবাজার পিবিএস, ময়মনসিংহ পিবিএস-১, পাবনা পিবিএস-২, রাজশাহী পিবিএস, সিরাজগঞ্জ পিবিএস)
- ৩। বাস্বায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৪। প্রশাসনিক মন্ত্রণালয় : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
- ৫। প্রকল্পের বাস্বায়ন সময় ও ব্যয় : ০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৩ খ্রিঃ

(লক্ষ টাকায়)

প্রকল্পিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্বায়নকাল		প্রকৃত বাস্বায়ন কাল	অতিরিক্ত ব্যয় (মূল প্রাকল্পিত ব্যয়ের %)	অতিরিক্ত সময় (মূল বাস্বায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
মোট (প্রঃসাঃ) টাকা	মোট (প্রঃসাঃ) টাকা	মোট (প্রঃসাঃ) টাকা					
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৬৯৭.০৪	-	২১৯৬.২৫	০১/০৭/২০১১- ৩০/৬/২০১৩	-	০২/০৮/২০১১- ৫/০৫/২০১৩	৮১.৯৮%	৯০%
১৬৭৩.৮০		১৭৭৮.৮৩					
১০০৫.২৪		৪১৭.৪২					

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্বায়ন :

(লক্ষ টাকায়)

ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্বায়ন	
		বাস্তব পরিমাণ	আর্থিক	আর্থিক (%)	বাস্তব পরিমাণ (%)
১	২	৩	৪	৫	৬
(১) রাজস্ব অঙ্গ (জিওবি+পিএ)					
কর্মকর্তাদের বেতন		০.০০	০.০০	০.০০	০.০০
কর্মচারীদের বেতন		৮.৩৮		০০	০০
ভাতা		২৭.৩১		০.৩৮	১.৩৯%
সেবা এবং সরবরাহ		২৬৮.২৯		২৩৮.৮৫	৮৯.০২%
রক্ষণাবেক্ষণ এবং মেরামত		২.৩৪		০.৩৮	১৬.২৩%
উপ-মোট=		৩০৬.৩২		২৩৯.৬১	
(২) রাজস্ব অঙ্গ (জিওবি+পিএ)					
মূলধন					
যানবাহন (পিকআপ-২টি ও মোটর সাইকেল-৪টি)		৪৩.০০		৪০.৬৭	৯৪.৫৮%
যন্ত্রপাতি এবং মালামাল		১৫২০.৫২		১৪৪৫.২০	৯৫.২০%
কম্পিউটার এবং এর আনুষঙ্গিক		১.২০		১.১৯	০.০১%

ফার্গিচার		৪.০০		২.৬৪	৬৬%
অন্যান্য		১.৫		০০	
সোলার ইরিগেশন পাম্প স্থাপন		২৫০.০০	২০ টি সেচ পাম্প	১৭৮.৬৩	২০ টি
সোলার হোম সিস্টেম স্থাপন		৩১.২৫	১২৫০ টি	২৩.০১	
সিডি-ভ্যাট		৩৫৯.২৪		৮৯.১১	২৪.৮০%
আনফরসিন খরচ		৩০.০০		১৭৬.২০	৫৮৭.৩৩%
প্রাইস কন্ট্রিজেন্সি ফিন্যান্সিয়াল		৯২			
ফিজিক্যাল কন্ট্রিজেন্সি		৪০			
মোট=		২৬৭৯.০৪		২১৯৬.২৬ (৮১.৯৮%)	১০০%

৭। মূল্যায়ন পদ্ধতি (Methodology) : আলোচ্য প্রকল্পে মূল্যায়নে নিম্নোক্ত বিষয় বিবেচনা করা হয়েছে :

- এডিপি/আরএডিপি পর্যালোচনা
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি/পিসিআর পর্যালোচনা
- একনেক/প্রকল্প মূল্যায়ন কমিটি (PEC) সভার কার্যবিবরণী পর্যালোচনা
- প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন
- এলাকাবাসীর মতামত গ্রহণ
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা

৮। সাধারণ পর্যবেক্ষণ :

৮.১. প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পটির উদ্দেশ্য নিম্নে দেয়া হলো -

- ক) দেশের প্রত্যন্ত গ্রামাঞ্চল/দূরবর্তী এলাকায় কারিগরী/ আর্থিক কারণে যেখানে গ্রীড বিদ্যুৎ এর সমস্যা রয়েছে অথবা কোন অবকাঠামো নেই সেখানে পাইলট প্রকল্প হিসাবে বিকল্পভাবে সৌর শক্তির ব্যবহারের মাধ্যমে সেচ সংযোগ ও গ্রীড বিদ্যুৎ এর সাশ্রয়।
- খ) পরিবেশ বান্ধব এবং টেকসই জ্বালানী ব্যবহার।
- গ) দেশের সুখম উন্নয়ন ও জনগণের জীবন মান বৃদ্ধিতে সহায়তা করা।

৮.২. প্রকল্পের পটভূমিঃ দেশের সকল এলাকার সুখম উন্নয়ন এবং জীবন মানের উন্নয়ন সরকারের অন্যতম লক্ষ্য। সেক্ষেত্রে কারিগরী প্রযুক্তির প্রসার ও অবকাঠামো সুবিধাদি সৃষ্টি একটি অন্যতম নিয়ামক। বাংলাদেশ কৃষি নির্ভর দেশ। এখানে উল্লেখযোগ্য পরিমাণ সেচ পাম্প রয়েছে যা গ্রীড বিদ্যুৎ দ্বারা পরিচালিত হয়। আবার যে সকল অঞ্চলে গ্রীড বিদ্যুত নেই সেখানে ডিজেলের মাধ্যমে সেচ যন্ত্র চালানো হয়। উভয় ক্ষেত্রে সরকার ভর্তুকী দিচ্ছে। এ সকল পাম্পের কিছু অংশ যদি সৌর বিদ্যুতের মাধ্যমে পরিচালনা সম্ভব হয়, সেক্ষেত্রে সরকারের উপর চাপ কমে এবং গ্রীড বিদ্যুতের সাশ্রয় হয়। মূলত এই ভাবনা থেকে আলোচ্য প্রকল্পটি বিবেচনা করা হয়। দক্ষিণ কোরিয়া সরকার এখাতে অনুদান ও কারিগরী সহায়তা প্রদানে আগ্রহ প্রদর্শন করলে বাংলাদেশে সৌর বিদ্যুৎ ব্যবহারের অগ্রপথিক হিসাবে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কে সৌর বিদ্যুতের মাধ্যমে সেচ কার্য সম্পাদনের জন্য এই প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব দেওয়া হয়।

৮.৩. প্রকল্পের অনুমোদন, মেয়াদ বৃদ্ধি ও সংশোধন :

৮.৩.১. আলোচ্য প্রকল্পটি জুলাই-২০১১ হতে জুন-২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০২/০৮/২০১১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। নির্দিষ্ট মেয়াদ ও ডিপিপিতে বরাদ্দকৃত অর্থের মধ্যেই প্রকল্পটির সামগ্রিক কার্য সম্পাদন হওয়ায় কোন মেয়াদ বৃদ্ধি বা প্রকল্প সংশোধনের প্রয়োজন হয়নি।

৮.৩.২. প্রকল্পের মূল কার্যক্রম : ০৭ টি পবিস এ ০৫ অশ্বশক্তি ক্ষমতা সম্পন্ন ২০টি সৌর সেচ পাম্প স্থাপন এবং ০৪ টি পবিস এ ১২৫০টি সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে। ডিপিপিতে আনফরসিন খরচ বাবদ ৩০ লক্ষ টাকা বরাদ্দ ছিল কিন্তু খরচ করা হয়েছে ১৭৬.২০ লক্ষ টাকা, যা অর্থ ও পরিকল্পনা শৃংখলার পরিপন্থী।

৮.৩.৩. প্রকল্পের অর্থায়ন : মোট প্রকল্প ব্যয়ের পরিমাণ ২৬৭৯.০৪ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি অর্থের পরিমাণ ১০০৫.২৪ লক্ষ টাকা এবং দক্ষিণ কোরিয়া সরকার কর্তৃক প্রকল্প সাহায্য বাবদ ১৬৭৩.৮০ লক্ষ টাকা।

- ৯। প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮৯.৯৮% এবং বাস্তব অগ্রগতি ১০০%
- ১০। প্রকল্পের আওতায় গৃহীত ক্রয় কার্যক্রম : এই প্রকল্পের যাবতীয় কারিগরী যন্ত্রপাতি, পাম্প, প্যানেল ইত্যাদি দাতা সংস্থা KOICA কর্তৃক প্রদান করা হয়েছে। প্রতিটি পাম্পের জন্য বোর হোল স্থাপন কাজ এবং সোলার হোম সিস্টেম স্থাপনসহ এ কাজের জন্য স্ট্রাকচার, লাইট, সকেট প্রভৃতি সংগ্রহ কার্যক্রম স্থানীয়ভাবে সম্পন্ন করা হয়েছে। পিপিআর অনুসরণে সামগ্রিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
- ১১। প্রকল্পের বাস্তব অগ্রগতি : নিম্নলিখিত পবিসে ২০ টি সেচ পাম্প ও ১২৫০ টি সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে।

ক্রমিক নং	পবিস	উপজেলা	পাম্পের সংখ্যা	সোলার হোম সিস্টেমের সংখ্যা	জেলা
০১	কুমিল্লা পবিস-১	তিতাস, মেঘনা।	০৩ টি		কুমিল্লা
০২	মানিকগঞ্জ পবিস	সিঙ্গাইর, সাটুরিয়া, হরিরামপুর, ঘিওর।	০৪ টি	৩০০ টি	মানিকগঞ্জ
০৩	ময়মনসিংহ পবিস-১	মধুপুর, ধনবাড়ি, মুজাগাছা।	০৪		টাঙ্গাইল/ময়মনসিংহ
০৪	পাবনা পবিস-২	বেড়া, সাথিয়া, সুজানগর।	০৩ টি	৩০০ টি	পাবনা
০৫	সিরাজগঞ্জ পবিস	সিরাজগঞ্জ, উল্লাপাড়া, তাড়াশ।	০৩ টি	৩০০ টি	সিরাজগঞ্জ
০৬	রাজশাহী পবিস	পবা, গোদাগাড়ি, তানোর।	০৩ টি		রাজশাহী
০৭	মৌলভীবাজার পবিস			৩৫০ টি	মৌলভীবাজার
মোট =			২০ টি	১২৫০ টি	

- (১) জমি অধিগ্রহণ : ডিপিপিতে কোন জমি অধিগ্রহণের ব্যয় ছিল না। গ্রাহকদের উদ্বুদ্ধ ও উৎসাহ প্রদানের মাধ্যমে গ্রাহকদের নিজস্ব জমির মাধ্যমে পাম্পের জন্য জমি সংগ্রহ করা হয়েছে।
- (২) পূর্ত নির্মাণ কাজঃ পাম্প স্থাপনের ক্ষেত্রে বোর হোল পাইপ এবং প্যানেলের জন্য পূর্ত কাজ KOICA বিশেষজ্ঞদের সহায়তা ও তত্ত্বাবধানে স্থানীয় ভাবে সম্পন্ন করা হয়েছে।
- ১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ প্রকল্প মেয়াদ কালীন সময়ে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নবায়নযোগ্য জ্বালানি বিভাগের নির্বাহী প্রকৌশলীকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে Solar Powered Irrigation Pump and Solar Home System প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ দেওয়া হয়।

ক্রমিক	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল	মন্তব্য
০১।	এস এম জাফর সাদেক	প্রকল্প পরিচালক	খন্ডকালীন	০২-১০-১১ খ্রিঃ থেকে ৩০-০৬-২০১৩ খ্রিঃ।	যথাযথভাবে প্রকল্প কাজ সমাপ্ত পূর্বক পিসিআর সম্পন্ন করা হয়েছে।

- ১৩। প্রকল্পের বাস্তবায়নোত্তর প্রভাব : প্রকল্পটি সফল বাস্তবায়ন স্থানীয় এলাকাবাসীকে বিদ্যুতের বিকল্প উৎস ব্যবহার সম্পর্কে উৎসাহ ও উদ্বুদ্ধ করেছে। গ্রাহকদের নিকট থেকে সন্তোষজনক সাড়া পাওয়া গেছে এবং তারা এ ধরনের প্রকল্প স্থাপনে আগ্রহী।

- ১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত	অর্জিত
(১) ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার প্রেক্ষিতে বিদ্যুৎ ঘাটতির মোকাবেলা।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকার বিদ্যুৎ ঘাটতি কমেছে।
(২) বিকল্প জ্বালানির উৎস সৃষ্টি।	প্রকল্পটি বাস্তবায়নের ফলে বিকল্প জ্বালানী অর্থাৎ সৌর বিদ্যুতের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে।

(৩) দেশের গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলে সুখম উন্নয়ন ও জীবন মান বৃদ্ধিতে সহায়তা।	প্রকল্প এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটেছে।
--	--

১৫। কাজ অসমাপ্ত থাকলে তার কারন: প্রকল্প পরিচালকের দেয়া তথ্য অনুযায়ী প্রকল্পের আওতায় উল্লেখযোগ্য পরিমাণ কোনও কাজ অসমাপ্ত নেই।

১৬। পরিদর্শনঃ আইএমই বিভাগ কর্তৃক বিগত ৩১/০৩/২০১৪ তারিখে প্রকল্পটির মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ পবিসের অন্তর্ভুক্ত সিংগাইর, ঘিওর ও দৌলতপুর এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক উপস্থিত ছিলেন। পাম্প ও প্যানেল সমূহ যথাযথভাবে কাজ করছে এবং গ্রাহকরা উপকৃত হচ্ছে বলে দেখা যায়। গ্রাহকদের সাথে আলোচনা কালে তাদের সন্তুষ্টি পরিলক্ষিত হয়। এ ধরনের সিস্টেম আরো স্থাপন করা যায় কিনা এতদ্বিষয়ে তারা কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তবে ডেনেজ ব্যবস্থা নির্মাণ করা গেলে পাম্পের পানি প্রবাহ অপচয় ব্যতিরেকে বিভিন্ন স্থানে সরবরাহ করা সহজ হবে বলে গ্রাহকরা মত প্রকাশ করেন।

১৭। বাস্তবায়ন সমস্যা:

১৭.১। ডেনেজ ব্যবস্থার অভাব: পর্যাপ্ত ডেনেজ সুবিধার অভাবে গ্রাহকরা অপচয় ব্যতিরেকে সুষ্ঠুভাবে জমিতে পানি সরবরাহ করতে পারছে না।

১৭.২। প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত ব্যয়: ডিপিপিতে আনফরসিন খরচ বাবদ ৩০ লক্ষ টাকা বরাদ্দ ছিল কিন্তু খরচ করা হয়েছে ১৭৬.২০ লক্ষ টাকা যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আন্ত:খাত সমন্বয় করা হয়নি যা অর্থ ও পরিকল্পনা শৃংখলার পরিপন্থী।

১৮। সুপারিশ:

১৮.১। পরবর্তীতে এই ধরনের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে ডেনেজ ব্যবস্থা নির্মাণের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।

১৮.২। দেশের ক্রমবর্ধমান চাহিদার প্রেক্ষিতে বিদ্যুৎ ঘাটতির মোকাবেলা, বিকল্প জ্বালানীর ব্যয় হিসেবে সৌর বিদ্যুৎ ব্যবহার এবং দেশের গ্রাম ও প্রত্যন্ত অঞ্চলে কৃষিজ উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের জীবন যাত্রার মান উন্নয়নের জন্য ভবিষ্যতে সারাদেশে এ ধরনের আরো প্রকল্প গ্রহণ করা যেতে পারে।

১৮.৩। ডিপিপির অংগভিত্তিক প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত খরচ করা অর্থ ও পরিকল্পনা শৃংখলার পরিপন্থী। এ বিষয়ে মন্ত্রণালয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (২.৩.৮-অনুচ্ছেদ)

“স্টেনদেনিং ডেসকো’স ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৩)

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা
 ২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ
 ৩। বাস্তবায়ন সংস্থা : ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)
 ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল (ব্যয় বৃদ্ধি ব্যতীত মেয়াদ বৃদ্ধি)	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৮,৮৫২.০০ (১৯,৩৬৯.০০)	৪৮,৫৯২.০০ (৩০,৭০২.৫৯)	২৯,২৬১.৮৪ (২২,৭৬২.৪৫)	অক্টোবর, ২০০৫ হতে জুন, ২০০৯	অক্টোবর, ২০০৫ হতে জুন, ২০১২	অক্টোবর, ২০০৫ হতে জুন, ২০১৩	-	১০৬.৬৭%

- ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : ডেসকো হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		(৩) আর্থিক	(৪) ভৌত	(৫) আর্থিক	(৬) ভৌত
	(ক) রাজস্ব খাতঃ				
১	Pay of officers	১৬৪.৪৭	১৪.০০	২৬৪.২৯	১৪
২	Pay of Establishment	১০৮.৩১	১৫.০০		১৫
৩	Training	১৫.০০	-	-	-
৪	Bank Charges	৯৪.৮২	-	২৪.১৮	থোক
৫	Suppliers and Service	৫৫.০০	-	-	-
৬	Fuel & Lubricants	৪৫.০০	-	-	-
৭	Repair and Maintenance	৩০.০০	-	-	-
৮	Transportation cost and handling	৬১৮.৭৩	-	-	-
	উপমোট(ক) রাজস্ব:	১,১৩১.৩৩	-	২৮৯.১০	-
	(খ) মূলধন খাত:				
৯	Vehicle & Transport (2 Nos. Double Cabin Pick-Up & 1 No. Motor Cycle).	৩২.০০	৩	-	-
১০	Furniture & Office Equipment	১০.০০	-	০.৭৪	-
১১	Supply & Installation of 2 Nos. of 33/11 Sub-station. 2X20/28 MVA on Turnkey basis (New) at Baunia and Mirpur DOHS.	৩৫২৮.০০	০২	২৮২৩.০০	-
১২	Supply & Installation of 33/11 KV Sub-Stations (2 X20/28 MVA) on Turnkey basis (Rehabilitation) for Mirpur Old & Mirpur-II)	৩৩২২.০০	০২	২৩২৩.৫৫	-
	Associated machineries and equipments				
১৩	Sub-station spares	০.০০	-	-	-
১৪	33 Kv, XLPE, U/G Cable 1 X 500 mm ² (Copper).	৪৭৮৭.০০	৩৫.০০	৩৩৬৫.৭৯	৩৫.০০
১৫	11KV breakers for switching Stations	৯০.০০	২.০০	৮৯.৬৬	২.০০

	(9 nos. each)				
୧୬	11 KV R.M.U Including Installation for 11 KV Feeders.	୧୦୫.୦୦	୨୦.୦୦	୧୦୨.୮୧	୨୦.୦୦
୧୭	11 KV, XLPE U/G Cable 3 X 300 mm ² (Copper) and Cable accessories.	୨୯୬୨.୦୦	୫୦.୦୦	୨୯୧୨.୦୮	୫୦.୦୦
୧୮	11 KV, XLPE U/G Cable 3 X 185 mm ² (Copper) and Cable accessories.	୯୯୯.୦୦	୨୦.୦୦	୯୭୯.୦୨	୨୦.୦୦
୧୯	11 KV, XLPE U/G Cable 3 X 185 mm ² (Aluminum) and Cable accessories.	୨୨୦.୦୦	୧୦.୦୦	୨୧୦.୦୨	୧୦.୦୦
୨୦	11 KV, Aerial Bundled Conductor with Accessories.	୫୬୫.୦୦	୧୦.୦୦	୫୫୫.୯୮	୧୦.୦୦
୨୧	LV, Aerial Bundled Conductor with Accessories.	୨୮୦.୦୦	୨୦.୦୦	୨୬୦.୦୮	୨୦.୦୦
୨୨	HT/LT Composite line (O/H)	୧୫୫୩.୯୫	୧୨୫.୦୦	୧୬୭୮.୯୯	୧୨୫.୦୦
୨୩	LT Line (O/H)	୧୨୭୧.୨୫	୧୨୫.୦୦	୧୧୪୬.୨୮	୧୨୫.୦୦
୨୪	Sectionalizing Switch	୧୮.୦୦	୧୦.୦୦	୧୮.୦୦	୧୦.୦୦
୨୫	Conductors	୩୧୩୨.୦୦	କଟ	୧୯୬୬.୩୦	କଟ
୨୬	Insulators	୧୦୫.୦୦	କଟ	୧୦୬.୨୧	କଟ
୨୭	Conductors Accessories	୫୩୫.୦୦	କଟ	୫୩୫.୦୧	କଟ
୨୮	11/4 KV 200 KVA Distribution Transformers	୧୮୧୦.୦୦	୧୫୦.୦୦	୧୬୬୦.୯୯	୧୫୦.୦୦
୨୯	11/23 KV, 25 KVA Distribution Transformers.	୨୮୫.୦୦	୩୦୦.୦୦	୨୮୫.୬୨	୩୦୦.୦୦
୩୦	Package type substation, 11/0.4 KV, 1200/1000/750KVA	୬୨୫.୦୦	୨୫.୦୦	୬୦୦.୧୫	୨୫.୦୦
୩୧	Transformer Protection Equipment (11KV LA, DOFC and LV MCCB)	୮୯୦.୦୦	୧୦୫୦.୦୦	୧୦୫୦.୨୮	୧୦୫୦.୦୦
୩୨	Transformer Loop	୧୬୫.୦୦	୫୦.୦୦	୧୧୫.୨୨	୫୦.୦୦
୩୩	Single Phase Electronic Meter	୫୨୦.୦୦	୫୦୦୦୦	-	୫୦୦୦୦
୩୪	3-Phase Electronic Meter (HT)	୧୦୧୫.୦୦	୨୫୦.୦୦	୧୦୫୦.୯୫	୨୫୦.୦୦
୩୫	3-Phase Electronic Meter (L.T)	୨୬୦.୦୦	୩୫୦୦.୦୦	୨୫୦.୯୫	୩୫୦୦.୦୦
୩୬	3-Phase Electronic Meter (Spare for Feeder Metering)	୮୫.୦୦	୧୦୦.୦୦	୮୫.୦୦	୧୦୦.୦୦
୩୭	Meter Seals	୧୫.୦୦	୩୦୦୦୦	-	୩୦୦୦୦
୩୮	Capacitor Bank (Pole Mounted for Substations) with Auto Switch (including installation)	୨୫୦.୦୦	୫୦.୦୦	-	୫୦.୦୦
୩୯	Auto Voltage Regulator (AVR) 300 A	୫୧୬.୦୦	୧୫.୦୦	୫୦୧.୫୮	୧୫.୦୦
୪୦	Remote metering on Turnkey basis	୩୨୫.୦୦	୫୫୦.୦୦	୨୫୮.୩୨	୫୫୦.୦୦
୪୧	Tools & Equipment	୨୧୦.୦୦	୧୦୦	୧୧୦.୫୩	୧୦୦
୪୨	Maintenance, Vehicles with tools	-	୦	-	-
	Total for Associated Machinery and Equipment	୨୩୫୧୩.୦୦	-	୧୯୬୬୫.୯୯	-
୪୩	Land Acquisition for one Sub-station	-	-	-	-
୪୪	Preliminary Survey including Miscellaneous Consultancy	-	-	-	-
୪୫	Land Development	୫୬.୫୩	୦.୨୫	୫୬.୫୩	-
୪୬	Civil Works (Non-Residential: 11 KV Switching Stations & Complaint Center)	୧୫.୦୦	୩୮୫.୦୦	-	-
୪୭	Installation Cost	୩୦୦୦.୦୦	୧୦୦	୨୯୦୦.୦୬	-
୪୮	CD & VAT	୮୦୮୬.୫୧	-	୫୨୭୮.୦୫	-
୪୯	IDC	୩୧୩୧.୯୯	୧୦୦	-	-
୫୦	Price Contingency	୧୫୩୫.୧୦	୧୦୦	-	-

৫১	Physical Contingency	৬১১.২১৫	-	-
	উপমোট (খ) মূলধনঃ	৪৭৪৬০.৬৭	২৮৯৭২.৭৪	-
	সর্বমোট (ক + খ):	৪৮৫৯২.০০	২৯২৬১.৮৪	-

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প পরিচালকের দেয়া তথ্য অনুসারে প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৭। প্রকল্পের পটভূমি :

বৃহত্তর ঢাকা মিরপুর অঞ্চলের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিয়ে ১৯৯৬ সালের নভেম্বর মাসে ১৯৯৪ সালের কোম্পানী আইনের আওতায়, একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) গঠিত হয়। ১৯৯৮ সালে ডেসকোর গ্রাহক সংখ্যা ছিল ৭১,০০০ এবং সর্বোচ্চ লোডের পরিমাণ ছিল প্রায় ৭৫ মেগাওয়াট। পরবর্তী বছরগুলিতে দেখা যায় ক্রমাগত লোডের পরিমাণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ফলে বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা বৃদ্ধি অত্যন্ত জরুরী হয়ে পড়ে। ডেসকো'র আওতাভুক্ত এলাকার মধ্যে বিতরণ পরিকল্পনা এবং অন্যান্য সংশ্লিষ্ট কাজ এর জন্য উপদেষ্টা প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে এক জরিপে বলা হয়, ডেসকো এলাকাতে ২০০৫ এবং ২০১০ সালের নিরিখে সম্ভাব্য গ্রাহক সংখ্যা এবং লোড বৃদ্ধি দাঁড়াবে যথাক্রমে ১৭৫ মে:ও: এবং ২৩০ মে:ও:। এ অবস্থার প্রেক্ষাপটে অত্যধিক চাহিদা মিটানো এবং ২০০৬-২০০৭ সাল নাগাদ প্রায় ১,৫০,০০০ গ্রাহক এবং ২০০৯-১০ সাল নাগাদ প্রায় ২,০৫,০০০ গ্রাহককে নির্ভরযোগ্য ও মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য অতিরিক্ত বিদ্যুৎ সুবিধা নির্মাণ অপরিহার্য হয়ে পড়ে। বিদ্যমান বিতরণ ব্যবস্থার উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিতরণ ব্যবস্থার নবায়ন, পুনর্বাসন ও সম্প্রসারণের কাজ জরুরী ভিত্তিতে গ্রহণ করা একান্ত প্রয়োজন, যা এ প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত।

৮। প্রকল্পের উদ্দেশ্য :

আলোচ্য প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হল মিরপুর, কাফরুল, পল্লবী এবং মোহাম্মদপুর (আংশিক) এলাকায় অপ্রত্যাশিত লোড শেডিং কমানো, লো ভোল্টেজ সমস্যা সমাধান, সিস্টেম লস কমানো এবং গ্রাহকদের নতুন সংযোগ প্রদান প্রক্রিয়া ত্বরান্বিত করা। বাউনিয়া (মিরপুর) ও মিরপুর ডিও এইচ এস এলাকায় দুইটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ এবং মিরপুর থান ও কাফরুল এলাকায় দুইটি পুরাতন সাবস্টেশন সংস্থার এবং প্রয়োজনীয় বিতরণ লাইন নির্মাণ করা আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রমের অন্তর্ভুক্ত।

৯। প্রকল্প অনুমোদন :

“স্টেনদেনিং ডেসকো’স ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক” শীর্ষক প্রকল্পটি একনেক সভা কর্তৃক ২৩/১০/২০০৫ তারিখে ২৮,৮৫২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০০৫ থেকে জুন, ২০০৯ মেয়াদকালে অনুমোদিত হয়। পরবর্তীতে আইএমই বিভাগের সুপারিশক্রমে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন, ২০১০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। “স্টেনদেনিং ডেসকো’স ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি একনেক সভা কর্তৃক ২৫/০৪/২০১০ তারিখে ৪৮৫৯২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর, ২০০৫ থেকে জুন, ২০১২ মেয়াদে অনুমোদিত হয়। এর মধ্যে জিওবি অংশ ২২৯২.৬৪ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ২২৭৬২.৪৫ লক্ষ টাকা এবং ডেসকো’র নিজস্ব অর্থায়ন ৪৩৭৬.৬২ লক্ষ টাকা। সর্বশেষ আইএমই বিভাগের সুপারিশক্রমে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০। প্রকল্পের অর্থায়ন :

ক) জিওবিঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
২,২৯২.৬৪	ঋণ(৪০%) ৯১৭.০৬ ইকুইটি (৬০%) ১৩৭৫.৫৮	-	প্রযোজ্য নয়

খ) প্রকল্প সাহায্যঃ

উৎস	মুদ্রার প্রকৃতি	ঋণের পরিমাণ	ঋণের প্রকৃতি	চুক্তি স্বাক্ষরের তারিখ	চুক্তি কার্যকরের তারিখ	চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবার তারিখ	
						মূল	সংশোধিত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
এডিবি	ইউ এস ডলার	৪৪.২৪ মিলিয়ন	ঋণ	২৮/০৬/২০০৭	২৮/০৬/২০০৭	২৮/০৬/২০১২	৩১/১২/২০১৩

ক) ডেসকোঃ

(লক্ষ টাকা)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
১৫,৫৯৬.৭৮	-	-	প্রযোজ্য নয়

১১। পরিদর্শনঃ

আলোচ্য প্রকল্পটি গত ০৯/১২/২০১৩ তারিখে আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান কর্তৃক প্রকল্প এলাকা মিরপুর ডিওএইচএস, বাউনিয়া, মিরপুর (ওল্ড) ও মিরপুর-২ (কাফবুল) পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় উপ-প্রকল্প পরিচালক জনাব যতীশ চন্দ্র রায় এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিদর্শনে দেখা যায়-

১১.১। বাউনিয়া (মিরপুর) ও মিরপুর ডি ও এইচ এস এলাকায় দুইটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন স্থাপিত হয়েছে।

১১.২। মিরপুর (ওল্ড) ও মিরপুর-২ (কাফবুল) এলাকায় দুইটি পুরাতন ৩৩/১১ কেভি সাবস্টেশন সংস্কার করা হয়েছে।

১১.৩। সাবস্টেশনগুলিতে সুইচগিয়ার অংশ অফিস ভবনের দোতলায় ইনডোরে স্থাপন করা হয়েছে। সাবস্টেশনে গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ার(GIS) ব্যবহৃত হয়েছে। ক্যাবলসমূহ ট্রে এবং অ্যাংগেলের মাধ্যমে দোতলায় নেয়া হয়েছে। গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ারের সার্কিট ব্রেকার আকারে অনেক ছোট বলে ইনডোর ইন্সটলেশন করা গেছে। GIS ব্যবহারের বাড়তি সুবিধা হ'ল এগুলো মেইনটেনেন্স ফ্রি। ফলে গতানুগতিক ব্রেকারের তুলনায় দাম বেশি হলেও অতিরিক্ত ভূমির প্রয়োজন হ্রাস পেয়েছে।

১১.৪। প্রকল্পে সকল কাজে কোরিয়ায় উৎপাদনকৃত GAON ক্যাবল ব্যবহার করা হয়েছে।

১১.৫। সাবস্টেশনের ব্রেকার ইউনিট ও অন্যান্য ইউনিটে Areva (India) কোম্পানী ও ABB India/Germany) কোম্পানীর যন্ত্রাংশ ব্যবহৃত হয়েছে। ৩৩ কেভি লাইনসমূহ আন্ডারগ্রাউন্ড করা হয়েছে।

১১.৬। প্রকল্পের আওতায় একটি সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে যার মাধ্যমে সাবস্টেশনে রক্ষিত কম্পিউটার স্ক্রীনে বৈদ্যুতিক লাইনের সকল ডাটা পাওয়া যায় এবং সুইচগিয়ার কন্ট্রোল করা যায়।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

জুন, ২০১৩ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬০.২২% এবং বাস্তব অগ্রগতি ১০০%। জুন, ২০১৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ২৯,২৬১.৮৪ লক্ষ টাকা।



চিত্র-১: বাউনিয়া (মিরপুর) ৩৩/১১ কেভি সাবস্টেশনে স্থাপিত ট্রান্সফর্মার



চিত্র-২: মিরপুর (ডিওএইচএস) ৩৩/১১ কেভি সাবস্টেশনে স্থাপিত সুইচ গিয়ার রুম

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(১) বাউনিয়া (মিরপুর) ও মিরপুর ডিওএইচএস এলাকায় দুইটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন স্থাপন করা।	(১) বাউনিয়া (মিরপুর) ও মিরপুর ডিওএইচএস এলাকায় দুইটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন স্থাপন করা হয়েছে।
(২) মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় লোড শেডিং কমানো।	(২) বর্তমানে লোড শেডিং সমস্যা কমেছে। ডেসকো'র নিজস্ব কারণে লোডশেডিং করার প্রয়োজন হয় না। বিগত ৩(তিন) বছরে মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় দৈনিক গড়ে লোড শেডিং এর পরিমাণ : ২০১১-২০১২ : ২০ মেগাওয়াট ২০১২-২০১৩ : ১৯ মেগাওয়াট ২০১৩-২০১৪ : ০৯ মেগাওয়াট
(৩) মিরপুর (ওল্ড) ও মিরপুর-২ (কাফবুল) এলাকায় দুইটি পুরাতন ৩৩/১১ কেভি সাবস্টেশন সংস্কার করা।	(৩) মিরপুর (ওল্ড) ও মিরপুর-২ (কাফবুল) এলাকায় দুইটি পুরাতন ৩৩/১১ কেভি সাবস্টেশন সংস্কার করা হয়েছে।
(৪) মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা মিটানো।	(৪) ডেসকো এলাকায় বর্তমানে কোন লো ভোল্টেজ সমস্যা নাই।
(৫) মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় সিস্টেম লস কমানো।	(৫) সকল ওভার লোডেড জনিত ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ফিডার এবং ফিডার সমূহের পাওয়ার ফ্যাক্টর উন্নতির জন্য ক্যাপাসিটর ব্যাংক ইত্যাদি কাজ এই প্রকল্পের মাধ্যমে সম্পাদন করায় বর্তমানে ওভার লোড সমস্যা না থাকায় সিস্টেম লস কমেছে।
(৬) মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় নতুন গ্রাহক সংযোগ দেয়া।	(৬) মিরপুর ও অন্যান্য প্রকল্প এলাকায় বিগত তিন বছরে প্রদত্ত নতুন সংযোগের সংখ্যা: ২০১১-২০১২ : ২৩০২৫ টি ২০১২-২০১৩ : ২০৭২৮ টি ২০১৩-২০১৪ : ১১০৭০ টি

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	প্রকৌশলী শাহ আলম	উপ-মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	০১/০৭/২০০৫ হতে ৩০/০৬/২০১৩

১৫। বাস্তবায়ন সমস্যা :

১৫.১। আন্তর্জাতিক বাজারে Metal এর দর উঠা-নামার কারণে বার বার দরপত্র আহবান করতে হয়েছে। ফলে কিছু মালামাল যথাসময়ে ক্রয় করা সম্ভব হয়নি। এছাড়া, উল্লেখযোগ্য সময় গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সংযোগ বন্ধ থাকায় প্রকল্পের অনুকূলে সংগৃহীত কিছু মালামাল যথাসময়ে ব্যবহার করা যায়নি।

১৫.২। প্রকল্পটি অক্টোবর, ২০০৫ হতে জুন, ২০০৯ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২৩-১০-২০০৫ তারিখে একনেক বৈঠকে অনুমোদিত হয়। এ প্রকল্পের ডিপিইসি সভা হয় ২২-০২-২০০৬ তারিখে এবং পিপি'র চূড়ান্ত অনুমোদন হয় ২৮-০৫-২০০৬ তারিখে। প্রকল্প অনুমোদনে প্রায় ৭ মাস সময় ক্ষেপন হয়। পরবর্তীতে জুলাই, ২০০৭ এ উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের সাথে চুক্তি হলেও সেপ্টেম্বর, ২০০৭ এ অর্থায়ন নিশ্চিত হয়। ফলে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের অর্থায়নের অভাবে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম প্রায় ২ বছর পর শুরু করা হয়েছে।

১৫.৩। প্রত্যেক সাবস্টেশনে ইনচার্জ হিসেবে একজন প্রশিক্ষণপ্রাপ্ত ননটেকনিক্যাল ব্যক্তি কর্মরত আছেন। তিনি সফটওয়্যার নিয়ন্ত্রণ ও অন্যান্য আনুষঙ্গিক দায়িত্ব পালন করেন। এ ধরনের দায়িত্ব একজন সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন ব্যক্তি নিয়োগ দেয়া বাঞ্ছনীয়।

১৬। সুপারিশ :

১৬.১। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণ করা হলে গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ার (GIS) ব্যবহার করা যেতে পারে। এতে করে ঢাকা শহরের মূল্যবান জমির সাশ্রয় হবে।

১৬.২। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় সাবস্টেশন ও অফিস ভবনের নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমির সংস্থান পূর্বে নিশ্চিত করতে হবে।

১৬.৩। সাবস্টেশন ইনচার্জ হিসেবে একজন প্রশিক্ষণপ্রাপ্ত টেকনিক্যাল ব্যক্তি (বিএসসি ইঞ্জিনিয়ার) নিয়োগ দেয়া এবং কমপক্ষে একজন ডিপ্লোমা পাস প্রকৌশলী সার্বক্ষনিক শিফটিং ডিউটিতে রাখা সমীচীন হবে।

“আপগ্রেডিং এন্ড এক্সপান্ডিং ডিস্ট্রিবিউশন সিস্টেম ইন গুলশান সার্কেল” শীর্ষক প্রকল্প
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত : জুন, ২০১৩)

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা
২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ
৩। বাস্তবায়ন সংস্থা : ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)
৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল (ব্যয় বৃদ্ধি ব্যতীত মেয়াদ বৃদ্ধি)	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৯,৯৮৩.৭০ (২৬,৯১৫.২০)	৫৯৪৯০.০০ (৩৫২৯১.৪৫)	৩৭০৬০.৯৮	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১০	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১২	জুলাই, ২০০৬ হতে জুন, ২০১৩	প্রযোজ্য নয়	৭৫%

- ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : ডেসকো হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		(৩)	(৪)	(৫)	(৬)
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
	(ক) রাজস্ব খাতঃ				
১	Pay of officers	১৪০.০০	০৬.০০	২৩৩.৪৬	০৬
২	Pay of Establishment	৯২.০০	১২.০০		১২
৩	Training	৬০.০০	থোক	-	-
৪	Bank Charges	৯৬.১৮	থোক	২৬.১৮	থোক
৫	Suppliers and Service	৪৮.০০	থোক	-	থোক
৬	Fuel & Lubricants	৬০.০০	থোক	-	থোক
৭	Repair and Maintenance	৩০.০০	থোক	-	থোক
৮	Transportation cost and handling	৭৫০.০০	থোক	-	থোক
	উপমোট (ক) রাজস্ব:	১২৭৬.৭৪	-	২৫৯.৬৪	
	(খ) মূলধন খাত:				
৯	Vehicle & Transport (1 No. Jeep, 2 Nos. Double Cabin Pick-Up & 4 Nos. Motor Cycle).	১০৮.০০	৭	৭	-
১০	Furniture & Office Equipment	৩০.০০	থোক	থোক	-
১১	Supply & Installation of 33/11 Sub-station, on Turnkey basis (New) 2X20/28 MVA at (i) Badda (ii) Bashundhara (iii) DOHS Mohakhali (iv) Zin int. Airport.	৭১৮৮.০০	০৪.০০	০৪.০০	০৪

୧୨	Supply & Installation 33/11 KV Sub-Stations on Trunkey basis (Rehabilitation & Upgrading) at (i) Uttara by 2X20/28 MVA & (ii) ADA by 2X20/28 MVA	୨୬୨୮.୦୦	୦୨.୦୦	୨୨୦୮.୦୧	୦୨.୦୦
୧୩	33 KV, XLPE, U/G Cable 1X 500 mm ² (Copper).	୫୫୫୦.୦୦	୫୦.୦୦	୩୯୭୮.୨୩	୫୦.୦୦
୧୪	11 KV Switchgear	୧୬୦.୦୦	୩୦.୦୦	୧୫୬.୩୧	୩୦.୦୦
୧୫	11 KV R.M.U	୨୫୬.୦୦	୨୦.୦୦	୨୫୫.୦୩	୨୦.୦୦
୧୬	Sectionalizing Switch	୧୮.୦୦	୧୦୦.୦୦	୧୮.୦୦	୧୦୦.୦୦
୧୭	11 KV, XLPE U/G Cable 3X300 mm ² (Copper) and Cable accessories.	୨୧୧୫.୦୦	୩୦.୦୦	୨୦୯୫.୫୧	୩୦.୦୦
୧୮	11 KV, XLPE U/G Cable 3X 185 mm ² (Copper) and Cable accessories.	୧୧୬୬.୦୦	୨୦.୦୦	୧୧୪୬.୮୧	୨୦.୦୦
୧୯	11 KV XLPE Aerial Bundled Conductor with Accessories	୫୦୦୦.୦୦	୧୦୦.୦୦	୫୧୧୬.୯୫	୧୦୦.୦୦
୨୦	400V, XLPE Aerial Bundled Conductor	୧୫୫୫.୦୦	୧୦୦.୦୦	୧୫୬୩.୦୯	୧୦୦.୦୦
୨୧	11 kV O/H line	୩୬୮.୫୨	୩୫.୦୦	୫୦୩.୦୯	୩୫.୦୦
୨୨	11/0. 4 kV O/H line	୧୫୧୩.୬୮	୧୨୫.୦୦	୧୫୭୮.୮୫	୧୨୫.୦୦
୨୩	400V O/H Line	୯୯୧.୯୦	୧୨୫.୦୦	୮୬୬.୯୦	୧୨୫.୦୦
୨୪	Conductors	୩୦୬୫.୦୦	୧୮୦୦.୦୦	୧୨୬୫.୩୧	୧୮୦୦.୦୦
୨୫	Insulators and Insulator Accessories	୯୫.୦୦	୩୦୦	୯୩.୯୫	୩୦୦
୨୬	Conductors Accessories and service Accessories	୫୯୫.୦୦	୩୦୦	୫୬୫.୫୫	୩୦୦
୨୭	11/4, KV, 200 KVA Distribution Transformers	୧୨୫୦.୦୦	୫୦୦.୦୦	୯୫୫.୯୫	୫୦୦.୦୦
୨୮	Transformer Protection Equipment (11KV LA, DOFC and LV MCCB)	୩୫୦.୦୦	୩୦୦	୩୧୦.୦୮	୩୦୦
୨୯	11KV Metering unit with associated Accessories.	୧୦୯୫.୦୦	୨୫୦.୦୦	୧୦୮୯.୧୫	୨୫୦.୦୦
୩୦	3-Phase Electronic Meter (LT)	୨୮୫.୦୦	୫୦୦୦.୦୦	୨୮୧.୧୫	୫୦୦୦.୦୦
୩୧	3 Phase Electronic Meter (spare for feeder metering)	୫୫.୦୦	୧୦୦.୦୦	୫୫.୦୦	୧୦୦.୦୦
୩୨	Single Phase Electronic Meter	୧୦୧୦.୦୦	୧୦୦୦୦୦	-	୧୦୦୦୦୦
୩୩	Meter Seals	୧୨୫.୦୦	୫୦୦୦୦୦	୩୫.୩୧	୫୦୦୦୦୦
୩୪	Tools & Equipment	୩୦୦.୦୦	୩୦୦	୯୯.୬୮	୩୦୦
୩୫	Capacitor Bank (Pole Mounted or for Sub-stations) with Auto Switch.	-	-	-	-
୩୬	Auto Voltage Regulator (AVR) 300A	୫୨୦.୦୦	୧୫.୦୦	୫୦୫.୫୧	୧୫.୦୦
୩୭	Land Acquisition for one Sub-station	-	-	୨୧୦୩୫.୧୦	-
୩୮	Local consultant including	-	-	-	-

	preliminary survey and Miscellaneous consultancy				
৩৯	Land Development	১০০.০০	১৩০০০.০০	-	১৩০০০.০০
৪০	Civil Works (Non-Residential: 11 KV Switching Stations & Compliant Centres) at Badda, Sector 9, Uttara, Niketon and Mohakhali).	১৫০.০০	১০০০.০০	-	১০০০.০০
৪১	Civil Works (Non-Residential:Functional Building) at Aftabnagar A 4-storied building of total 1000 sqm ie 250 sq.m/floor	২৫০.০০	২০০০.০০	-	২০০০.০০
৪২	Civil Works (Residential:Functional Building) at Aftabnagar A 6-storied building of total 1400 sqm ie 232.5 sq.m/floor	২২৫.০০	১৪০০.০০	-	১৪০০.০০
৪৩	Installation Cost	৩০০০.০০	থোক	১২৫৩.০৫	থোক
৪৪	CD & VAT	৯৭৬৫.৪০	থোক	৬৬৩৬.৫৬	থোক
৪৫	Miscellaneous	৫০.০০	থোক	-	থোক
৪৬	IDC	৫৪২৩.১৪	থোক	-	থোক
৪৭	Price Contingency	১৩৯৫.০৬	থোক	-	থোক
৪৮	Physical Contingency	৭৪১.০৬	থোক	-	থোক
	উপমোট (খ) মূলধনঃ	৫৮২১৩.২৭	-	৩৬৮০১.৩৪	-
	সর্বমোট (ক + খ):	৫৯৪৯০.০০	-	৩৭০৬০.৯৮	-

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প পরিচালকের দেয়া তথ্যমতে প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৭। প্রকল্পের পটভূমি :

বৃহত্তর ঢাকার মিরপুর, গুলশান ও উত্তরা অঞ্চলের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিয়ে ১৯৯৬ সালের নভেম্বর মাসে ১৯৯৪ সালের কোম্পানী আইনের আওতায়, একটি পাবলিক লিমিটেড কোম্পানী হিসেবে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) গঠিত হয়। ১৯৯৮ সালে ডেসকোর গ্রাহক সংখ্যা ছিল ৭১,০০০ এবং সর্বোচ্চ লোডের পরিমাণ ছিল প্রায় ৭৫ মেগাওয়াট। পরবর্তী বছরগুলিতে দেখা যায় ক্রমাগত লোডের পরিমাণ দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ফলে বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও বিদ্যুৎ সরবরাহ ক্ষমতা বৃদ্ধি অত্যন্ত জরুরী। ডেসকো'র আওতাভুক্ত এলাকার মধ্যে বিতরণ পরিকল্পনা এবং অন্যান্য সংশ্লিষ্ট কাজ এর জন্য উপদেষ্টা প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে এক জরিপে বলা হয়, ডেসকো এলাকাতে ২০০৫ এবং ২০১০ সালের নিরিখে সম্ভাব্য গ্রাহক সংখ্যা এবং লোড বৃদ্ধির পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৭৫ মে:ও: এবং ২৩০ মে:ও:। এ অবস্থার প্রেক্ষাপটে অত্যধিক চাহিদা মিটানো এবং ২০০৯-১০ সাল নাগাদ প্রায় ২,০৫,০০০ অতিরিক্ত গ্রাহককে নির্ভরযোগ্য ও মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য অতিরিক্ত বিদ্যুৎ সুবিধার ক্ষেত্র নির্মাণ অপরিহার্য হয়ে পড়ে। উল্লেখ্য যে নভেম্বর, ২০১৩ পর্যন্ত ডেসকো'র সর্বমোট গ্রাহক সংখ্যা ৫,৯৭,৬৪৯ জন। বিদ্যমান বিতরণ ব্যবস্থার উন্নয়ন এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিতরণ ব্যবস্থার নবায়ন, পুনর্বাসন ও সম্প্রসারণের কাজ জরুরী ভিত্তিতে গ্রহণ করা একান্ত প্রয়োজন, যা এ প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত।

৮। প্রকল্পের উদ্দেশ্য :

আলোচ্য প্রকল্পের সার্বিক উদ্দেশ্য হল গুলশান, উত্তরা, খিলক্ষেত ও টঙ্গী এলাকায় বিদ্যুতের বর্ধিত চাহিদা নিরসন, অপ্ৰত্যাশিত লোড শেডিং কমানো, লো ভোল্টেজ সমস্যা সমাধান এবং গ্রাহকদের নতুন সংযোগ প্রদান প্রক্রিয়া ত্বরান্বিত করা। বাড্ডা (আফতাবনগর), বসুন্ধরা, এয়ারপোর্ট ও মহাখালী ডিওএইচএস এলাকায় চারটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ এবং উত্তরা ও অ্যাভিয়েশন ডেভেলপমেন্ট অথরিটি (ADA) এলাকায় দুইটি পুরাতন সাবস্টেশনের

১০/১৪ এমডিএ ট্রান্সফর্মারের পরিবর্তে ২০/২৮ এমডিএ ট্রান্সফর্মার স্থাপনসহ প্রয়োজনীয় বিতরণ লাইন নির্মাণ আলোচ্য প্রকল্পের মূল কার্যক্রমের অন্তর্ভুক্ত।

৯। প্রকল্প অনুমোদন :

“আপগ্রেডিং এন্ড এক্সপান্ডিং ডিস্ট্রিবিউশন সিস্টেম ইন গুলশান সার্কেল” শীর্ষক প্রকল্পটি একনেক সভা কর্তৃক ১৪/০৯/২০০৬ তারিখে ৩৯,৯৮৩.৭০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৬ থেকে জুন, ২০১০ মেয়াদকালে অনুমোদিত হয়। পরবর্তীতে “আপগ্রেডিং এন্ড এক্সপান্ডিং ডিস্ট্রিবিউশন সিস্টেম ইন গুলশান সার্কেল (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি একনেক সভা কর্তৃক ০২/০৩/২০১০ তারিখে ৫৯৪৯০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৬ থেকে জুন, ২০১২ মেয়াদকালে অনুমোদিত হয়। এর মধ্যে জিওবি অংশ ২৭০৩.০১ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৩৫২৯১.৪৬ লক্ষ টাকা এবং ডেসকো’র নিজস্ব অর্থায়ন ২১৪৯৫.৫৩ লক্ষ টাকা। সর্বশেষ আইএমই বিভাগের সুপারিশক্রমে প্রকল্পের মেয়াদ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

১০। প্রকল্পের অর্থায়ন :

ক) জিওবিঃ

(লক্ষ টাকা)

মোট (১)	ঋণ (২)	অনুদান (৩)	Cash Foreign Exchange (৪)
২৭০৩.০১	১০৮১.২০ (ঋণ ৪০%) ১৬২১.৮১ (ইকুইটি ৬০%)	-	প্রয়োজ্য নয়

খ) প্রকল্প সাহায্যঃ

উৎস (১)	মুদ্রার প্রকৃতি (২)	ঋণের পরিমাণ (৩)	ঋণের প্রকৃতি (৪)	চুক্তি স্বাক্ষরের তারিখ (৫)	চুক্তি কার্যকরের তারিখ (৬)	চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবার তারিখ	
						মূল (৭)	সংশোধিত (৮)
এডিবি	ইউ এস ডলার	৫০.৮৫ মিলিয়ন	ঋণ	২৮/০৬/২০০৭	২৭/০৯/২০০৭	৩০/০৬/২০১০	৩০/০৬/২০১৩

গ) ডেসকোঃ নিজস্ব

(লক্ষ টাকা)

মোট (১)	ঋণ (২)	অনুদান (৩)	Cash Foreign Exchange (৪)
২১৪৯৫.৫৩	-	-	প্রয়োজ্য নয়

১১। পরিদর্শন :

আলোচ্য প্রকল্পটি গত ১৫/১২/২০১৩ তারিখে আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের মহাপরিচালক নাসিমা বেগম এবং সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান কর্তৃক প্রকল্প এলাকা আফতাবনগর, বসুন্ধরা ও উত্তরা অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় উপপ্রকল্প পরিচালক জনাব যতীশ চন্দ্র রায় এবং প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনে দেখা যায়-

১১.১। বাড্ডা(আফতাবনগর), বসুন্ধরা, এয়ারপোর্ট ও মহাখালী ডিওএইচএস এলাকায় চারটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন স্থাপিত হয়েছে।

১১.২। উত্তরা ও অ্যাডিয়েশন ডেভেলপমেন্ট অথরিটি (ADA) এলাকায় দুইটি পুরাতন সাবস্টেশনের ১০/১৪ এমডিএ ট্রান্সফর্মারের পরিবর্তে ২০/২৮ এমডিএ ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে।

১১.৩। সাবস্টেশনগুলিতে সুইচগিয়ার অংশ অফিস ভবনের দোতলায় ইনডোরে স্থাপন করা হয়েছে। সাবস্টেশনে গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ার(GIS) ব্যবহৃত হয়েছে। ক্যাবলসমূহ ট্রে এবং অ্যাংগেলের মাধ্যমে দোতলায় নেয়া হয়েছে। গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ারের সার্কিট ব্রেকার আকারে অনেক ছোট বলে ইনডোর ইন্সটলেশন করা গেছে। GIS ব্যবহারের বাড়তি সুবিধা হ’ল এগুলো মেইনটেনেন্স ফ্রি। ফলে গতানুগতিক ব্রেকারের তুলনায় দাম বেশি হলেও অতিরিক্ত ভূমির প্রয়োজন হ্রাস পেয়েছে।

১১.৪। প্রকল্পে সকল কাজে কোরিয়ায় উৎপাদনকৃত GAON ক্যাবল ব্যবহার করা হয়েছে।

১১.৫। সাবস্টেশনের ব্রেকার ইউনিট ও অন্যান্য ইউনিটে Areva (India) কোম্পানী ও ABB India/Germany) কোম্পানীর যন্ত্রাংশ ব্যবহৃত হয়েছে। ৩৩ কেভি লাইনসমূহ আন্ডারগ্রাউন্ড করা হয়েছে।

১১.৬। প্রকল্পের আওতায় একটি সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে যার মাধ্যমে সাবস্টেশনে রক্ষিত কম্পিউটার স্ক্রীনে বৈদ্যুতিক লাইনের সকল ডাটা পাওয়া যায় এবং সুইচগিয়ার কন্ট্রোল করা যায়।

১২। প্রকল্পের সার্বিক অগ্রগতি ও বিশ্লেষণ :

জুন, ২০১৩ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৬২.২৯% এবং বাস্তব অগ্রগতি ১০০%। জুন, ২০১৩ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৩৭০৬০.৯৮লক্ষ টাকা। ডিপিপিতে এডিবি হতে ৩৫২৯১.৪৬ লক্ষ টাকা প্রকল্প সাহায্যের সংস্থান থাকলেও প্রকৃত ব্যয় হয়েছে ২৮৯১১.৭৩ লক্ষ টাকা। প্রকল্প সাহায্যের অবশিষ্ট অর্থ এডিবি হতে ছাড় করা হয়নি। ডিপিপিতে জিওবি অংশে ২৭০৩.০২ লক্ষ টাকা সংস্থান ছিল যার মধ্যে ২৫২৬.১৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হয়েছে। ডিপিপিতে ডেসকো'র নিজস্ব অর্থায়নে ২১৪৯৫.৫৩ লক্ষ টাকার সংস্থান থাকলেও বেশির ভাগ কাজ ডেসকো'র রাজস্ব বাজেটের আওতায় করায় প্রকল্পে ৫৬২৩.০৭ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

প্রকল্পের সকল ভৌত কাজ সমাপ্ত হলেও আর্থিক অগ্রগতি কম হবার প্রধান কারণ গুলি নিম্নরূপঃ

১২.১। প্রতিবেদনের ৫ নং অনুচ্ছেদে প্রদত্ত অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি'র সারণিতে উল্লিখিত ৩২নং আইটেমে Single phase electronic meter কেনা হয়নি এবং এডিবি কর্তৃক Misprocurement ঘোষণা করা হয়েছে। তাই ১০৭০.০০ লক্ষ টাকার মধ্যে কোন টাকা ব্যয় হয়নি।

১২.২। সারণির ২৮নং আইটেমে ট্রান্সফর্মার প্রটেকশন ইকুইপমেন্ট- এর LV MCCB কেনা হয়নি এবং এডিবি কর্তৃক Misprocurement ঘোষণা করা হয়েছে। তাই ৩৫০.০০ লক্ষ টাকার মধ্যে ৩৭.০৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১২.৩। সারণির ৯নং আইটেমে Vehicle & Transport অংশে ১০৮.০০ লক্ষ টাকা ধরা থাকলেও প্রকল্পের আওতায় কোন গাড়ী কেনা হয়নি বিধায় এই খাতে কোন টাকা ব্যয় হয়নি।

১২.৪। সারণির ৬নং আইটেমের Fuel and Lubricant এবং ১০নং আইটেমের Furniture ডেসকোর নিজস্ব অর্থায়নে সরবরাহ করা হয়েছে যা এ প্রকল্পের ব্যয়ের অন্তর্ভুক্ত করা হয়নি।

১২.৫। সারণির ৭নং আইটেমের Repair and Maintenance এবং ৮নং আইটেমের Transportation cost and handling ডেসকোর রাজস্ব বাজেটের আওতায় ব্যয় করা হয়েছে বিধায় এই প্রকল্পের ব্যয়ের অন্তর্ভুক্ত করা হয়নি।

১২.৬। সারণির ৪৩নং আইটেমের Installation cost এর বেশির ভাগ অংশ ডেসকোর রাজস্ব বাজেটের আওতায় ব্যয় করা হয়েছে বিধায় এই প্রকল্পের ব্যয়ের অন্তর্ভুক্ত করা হয়নি।

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(১) বাড্ডা (আফতাবনগর), বসুন্ধরা, এয়ারপোর্ট ও মহাখালী ডিওএইচএস এলাকায় চারটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা।	(১) বাড্ডা (আফতাবনগর), বসুন্ধরা, এয়ারপোর্ট ও মহাখালী ডিওএইচএস এলাকায় চারটি নতুন ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে।
(২) উত্তরা ও অ্যাভিয়েশন ডেভেলপমেন্ট অথরিটি (ADA) এলাকায় দুইটি পুরাতন সাবস্টেশনের ১০/১৪ এমভিএ ট্রান্সফর্মারের পরিবর্তে ২০/২৮ এমভিএ ট্রান্সফর্মার স্থাপন করা।	(২) উত্তরা ও অ্যাভিয়েশন ডেভেলপমেন্ট অথরিটি (ADA) এলাকায় দুইটি পুরাতন সাবস্টেশনের ১০/১৪ এমভিএ ট্রান্সফর্মারের পরিবর্তে ২০/২৮ এমভিএ ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে।
(৩) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় লোড শেডিং কমানো।	(৩) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় লোড শেডিং কমেছে। প্রকল্প বাস্তবায়িত হওয়ায় ডেসকোর নিজস্ব কারণে লোড শেডিং করার প্রয়োজন পড়ে না। বিগত তিন বছরে গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় দৈনিক গড়ে লোড শেডিং এর পরিমাণ: ২০১১-২০১২: ২৪ মে:ও: ২০১২-২০১৩: ২১ মে:ও: ২০১৩-২০১৪: ৮ মে:ও:
(৪) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় লো-ভোল্টেজ সমস্যা মিটানো।	(৪) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় বর্তমানে কোন লো-ভোল্টেজ সমস্যা নাই।

(৫) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় সিস্টেম লস কমানো।	(৫) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় সকল ওভার লোডেড জনিত ৩৩/১১ কেভি উপকেন্দ্র, ফিডার এবং ফিডার সমূহের পাওয়ার ফ্যাক্টর উন্নতির জন্য ক্যাপাসিটর ব্যাংক ইত্যাদি কাজ এই প্রকল্পের মাধ্যমে সম্পাদন করায় বর্তমানে ওভার লোডেড সমস্যা না থাকায় সিস্টেম লস কমেছে।
(৬) গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় গ্রাহকদের নতুন সংযোগ প্রদান করা।	(৬) বিগত তিন বছরে গুলশান ও উত্তরা প্রকল্প এলাকায় নতুন সংযোগের সংখ্যা: ২০১১-২০১২: ৪২৫৫৩ টি গ্রাহক ২০১২-২০১৩: ৪২১২৫ টি গ্রাহক ২০১৩-২০১৪: ২১২৮৫ টি গ্রাহক



চিত্র-১- আফতাবনগর ৩৩/১১ কেভি সাবস্টেশন



চিত্র-২- এয়ারপোর্ট ৩৩/১১ কেভি সাবস্টেশনের অফিস ভবন



চিত্র-৩- বস্করা ৩৩/১১ কেভি সাবস্টেশন



চিত্র-৪- উত্তরা ৩৩/১১ কেভি সাবস্টেশন ও সুইচ ইয়ার্ড

- ১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :
নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	প্রকৌশলী শাহ আলম	উপ-মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	০১/০৭/২০০৫ হতে ৩০/০৬/২০১৩

১৫। বাস্তবায়ন সমস্যা :

১৫.১। আন্তর্জাতিক বাজারে Metal Price- এর দর উঠানামার কারণে বার বার দরপত্র আহ্বান করতে হয়েছে। ফলে কিছু মালামাল যথাসময়ে ক্রয় করা সম্ভব হয়নি। উল্লেখযোগ্য সময় গ্রাহক বিদ্যুৎ সংযোগ বন্ধ থাকায় প্রকল্পের অনুকূলে সংগৃহীত কিছু মালামাল যথাসময়ে ব্যবহার করা যায়নি।

১৫.২। আন্ডার গ্রাউন্ড ক্যাবল স্থাপনের জন্য যোগ্য ঠিকাদার নিয়োগে বার বার দরপত্র আহ্বান এবং বর্ষা মৌসুমে ক্যাবল স্থাপনে সিটি কর্পোরেশনের নিষেধাজ্ঞার কারণে মাঠ পর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম ব্যাহত হয়েছে।

১৬। সুপারিশ :

১৬.১। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণ করা হলে গ্যাস ইনসুলেটেড সুইচগিয়ার (GIS) ব্যবহার করা যেতে পারে। এতে করে ঢাকা শহরের মূল্যবান জমির সাশ্রয় হবে।

১৬.২। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় সাবস্টেশন ও অফিস ভবনের নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমির সংস্থান পূর্বে নিশ্চিত করতে হবে।

১৬.৩। ভবিষ্যতে প্রয়োজনীয় Technical Specifications নিশ্চিত করে দেশীয় বৈদ্যুতিক তার উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ থেকে প্রকল্পসমূহের প্রয়োজনীয় ক্যাবল ক্রয় করা যেতে পারে এতে দেশের মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

Sector Assessment on Power System Efficiency Improvement Project-2

সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর, ২০১২)

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা
 ২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ
 ৩। বাস্তবায়ন সংস্থা : বিদ্যুৎ বিভাগ
 ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৮৮.০০ (৫১৮.০০)	-	৩৬৪.০০ (৩৫৯.০০)	জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১২	-	জানুয়ারী, ২০১২ হতে ডিসেম্বর, ২০১২	-	-

- ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত PCR (Project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরূপ:

ক্র: নং	ডিপিপি অনুযায়ী কাজের অংগ	ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		আর্থিক	ভৌত	আর্থিক	ভৌত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
	(ক) রাজস্ব খাতঃ				
১	ভাতা	১.০০	-	০.০০	-
২	পরিবহন	২০.০০	-	৩.০০	-
৩	অফিস(ইন-কাইন্ড)	৩৬.০০	-	০.০০	-
৪	ইউটিলিটি	১.০০	-	০.০০	-
৫	স্টেশনারীজ	২.০০	-	৫.০০	-
৬	সম্মানী	১.০০	-	০.০০	-
৭	প্রতিবেদন এবং গণ-সংযোগ	১৮.৫০	-	০.০০	-
৮	ওয়ার্কশপ, সেমিনার ও ত্রি-পক্ষীয় মিটিং	০.০০	-	০.০০	-
৯	আন্তর্জাতিক পরামর্শক	২৮১.২০	-	২৪১.০০	-
১০	দেশী পরামর্শক	১০৬.৫৬	-	৮৮.০০	-
১১	কন্টিনজেন্সি	২.০০	-	০.০০	-
১২	অফিস সংস্কার	২.০০	-	০.০০	-
	উপমোট- রাজস্ব খাতঃ	৪৭১.২৬	-	৩৩২.৫০	-
	(খ) মূলধন খাতঃ				
১৩	দেশী ও আন্তর্জাতিক ভ্রমণ	৫৯.৯৪	-	৩০.০০	-
১৪	ফটোকপিয়ার এবং ফ্যাক্স	০.০০	-	০.০০	-
১৫	কম্পিউটার সামগ্রী	২.০০	-	১.০০	-
১৬	অফিস সরঞ্জাম	২.০০	-	০.৫০	-
১৭	টেলিফোন	১.০০	-	০.০০	-

১৮	আলোচনায় সহায়তাদান	০.০০	-	০.০০	-
১৯	কন্টিনজেন্সি	৫১.৮০	-	০.০০	-
	উপমোট- মূলধন খাতঃ	১১৬.৭৪	-	৩১.৫০	-
	সর্বমোট(ক+খ) :	৫৮৮.০০		৩৬৪.০০	

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্প পরিচালকের দেয়া তথ্যমতে প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নাই।

৭। প্রকল্পের পটভূমি :
বাংলাদেশ সরকার ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা ও যোগানের বিপরীতে বিদ্যুৎ উৎপাদন, বিতরণ ও সঞ্চালন ব্যবস্থার দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য প্রতিশ্রুতি প্রদান করেছে। এর প্রেক্ষিতে জ্বালানী শাস্ত্রী ও পরিবেশবান্ধব প্রকল্প চিহ্নিতকরণের লক্ষ্যে ০.৭ মিলিয়ন মার্কিন ডলার এডিবি অনুদানে কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল। আলোচ্য কারিগরি প্রকল্পটি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক(এডিবি)-এর বাংলাদেশের কান্ট্রি স্ট্রাটেজীর সাথে সামঞ্জস্যপূর্ণ। এ প্রকল্পের মাধ্যমে বাংলাদেশের বিদ্যুৎ খাতের সার্বিক পর্যালোচনা প্রতিবেদন প্রণয়ন করে তার ভিত্তিতে বিদ্যুৎ খাতে এডিবি'র পরবর্তী বিনিয়োগ পরিকল্পনা এবং একই সাথে চাহিদা ও সরবরাহ সাইড ম্যানেজমেন্টের জন্য কর্ম কৌশল নির্ধারণসহ সর্বোচ্চ কার্যকরী ও পরিবেশবান্ধব জ্বালানী ব্যবহারের সম্ভাব্যতা যাচাই করা ছিল প্রকল্পটির উদ্দেশ্য।

৮। প্রকল্প অনুমোদন ও অর্থায়ন :
“Sector Assessment on Power System Efficiency Improvement Project-2” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ০৫/০১/২০১২ তারিখে ৫৮৮.০০ লক্ষ (পাঁচ কোটি আটশি লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী, ২০১২ থেকে ডিসেম্বর, ২০১২ মেয়াদকালে অনুমোদিত হয়।

৯। প্রকল্পের অর্থায়ন :
ক) জিওবিঃ

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
৭০.০০	-	৭০.০০	N/A

খ) প্রকল্প সাহায্যঃ

উৎস	মুদ্রার প্রকৃতি	ঋণের পরিমাণ	ঋণের প্রকৃতি	বাংলাদেশী টাকায় পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)
এডিবি	ইউ এস ডলার	০.৭ মিলিয়ন	অনুদান	৫১৮.০০ লক্ষ টাকা

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি :
প্রকল্পের সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৫৮৮.০০ লক্ষ টাকা। প্রকল্পের সার্বিক আর্থিক অগ্রগতি ৩৬৪.০০ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৬২%। অবশিষ্ট অর্থ সরকারী কোষাগারে ফেরত দেয়া হয়েছে। প্রকল্পের কোন কাজ অসমাপ্ত না থাকায় সার্বিক ভৌত অগ্রগতি ১০০%।

১১। পর্যবেক্ষণ :

১১.১। প্রকল্পের আওতায় পরামর্শক নিয়োগের কাজ সরাসরি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)-এর তত্ত্বাবধানে হয়েছে। E-gen Consulting Firm নামক পরামর্শক প্রতিষ্ঠানকে এডিবি কর্তৃক সরাসরি নিয়োগ দেয়া হয়। এই প্রতিষ্ঠান সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের কাজ করেছে। মূলতঃ চারটি বিষয়ের উপর ভিত্তি করে প্রতিবেদন প্রণয়ন করা হয়ঃ

(১) Scope of work, (২) Costing, (৩) Social Safe guard report, (৪) Environmental impact report

১১.২। অনুমোদিত ডিপিপি-তে রাজস্ব খাতে “অফিস (ইন কাইন্ড)” খাতে ৩৬.০০ লক্ষ টাকা এবং প্রতিবেদন এবং গণ-সংযোগ” খাতে ১৮.৫০ লক্ষ টাকা ধরা থাকলেও এই দুইটি খাতে কোন টাকা ব্যয় হয়নি। এ থেকে প্রতীয়মান হয় যে, ডিপিপি-তে এই অংশটি সংযোজন করার প্রয়োজন ছিল না।

১১.৩। প্রকল্পের আওতায় কোন গাড়ি কেনা হয়নি বিধায় “পরিবহন” অংশে ২০.০০ লক্ষ টাকা ধরা থাকলেও কোন টাকা ব্যয় হয়নি।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নিম্নবর্ণিত প্রকল্প পরিচালকগণ প্রকল্পের দায়িত্ব পালন করেছেন।

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	সময়কাল
১	মোঃ নজরুল ইসলাম	যুগ্ম-প্রধান	খন্ডকালীন	০৭/০৬/২০১২ হতে ৩১/১২/২০১২

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(১) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)-এর অর্থায়নের বিদ্যুৎ সাশ্রয়ী কম্পোনেন্টসমূহ চিহ্নিত করে তদানুযায়ী বিনিয়োগের জন্য প্রকল্প বাছাই করা।	মোট ৬(ছয়) টি প্রকল্প (৫টি বিনিয়োগ প্রকল্প ও ১টি কারিগরি সহায়তা প্রকল্প) এডিবি অর্থ বিনিয়োগের জন্য বাছাই করা হয়েছে। প্রকল্পগুলি হলঃ ১) কনভারশন অব বাঘাবাড়ি ১০০ মে:ও: টু ১৫০ মে:ও: কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, ২) কনভারশন অব শাহাজীবাজার ২*৩৫ মে:ও: পাওয়ার প্ল্যান্ট টু ১০৫ মে:ও: কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, ৩) কনভারশন অব সিলেট ১৫০ মে:ও: টু ২২৫ মে:ও: কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, ৪) আপগ্রেডেশন অব খুলনা ১৫০ মে: ও: পিকিং পাওয়ার প্ল্যান্ট টু ২২৫ মে:ও: কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট, ৫) ১৩২ কেভি গ্রিড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট ইন ইস্টার্ন রিজিয়ন এবং ৬) Capacity Building and Project implementation Support for Power Sector Agencies
(২) একটি সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন তৈরীর মাধ্যমে বিদ্যুৎ/জ্বালানী সাশ্রয়ী প্রকল্পসমূহ বাছাইয়ের ক্ষেত্রে কারিগরি, আর্থিক, অর্থনৈতিক, আর্থ-সামাজিক বিশ্লেষণ এবং পরিবেশগত এবং সামাজিক মূল্যায়ন।	আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পের মাধ্যমে উল্লেখিত ৬টি প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন তৈরী করা হয়েছে এবং এডিবি-তে পাঠানো হয়েছে। এডিবি উক্ত ৬টি প্রকল্পে অর্থ বিনিয়োগ করতে সম্মত হয়েছে। এই ৬টি প্রকল্প বর্তমানে চলমান রয়েছে।

১৪। সুপারিশ/মন্তব্য :

জ্বালানী সাশ্রয়ী ইকুইপমেন্ট সম্বলিত ৫টি কন্সাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পে এবং ১টি কারিগরি সহায়তা প্রকল্পে এডিবি অর্থায়ন নিশ্চিত করা প্রতিবেদনাধীন প্রকল্পের বড় সাফল্য। তবে ভবিষ্যতে ব্যয় প্রাক্কলন যুক্তিযুক্তভাবে করতে হবে যেন এত বেশি পরিমাণ অর্থ (প্রায় ৩৮%) অব্যয়িত না থাকে।